Ø 080

BISSOGANA & BAMOGANA

ENOWLEDGE OF THE UNIVERSE

ITS CREATOR

* PAS: YO A DEB GHOSAUL

THE THE UNDER THE PARBONAGE OF

MAP OS RISSAS JE PANTERJEE, RAMLOLI MAPE JELEE, RAMI JEAN MESHREE, PENTAP NARAIN KOBIRAJ AND SHREE IN MISEN

Ealtatta:

REINTED 5 G. V ROY & CQ NO 67, KHACMBA-CC-STPO, ASEL

ভূমিকা।

 प्रदेश विश्व करा । अमार्थ विमान, व्यव विश्व क्रिकान, **७ खुविमात दियस भहाबील बीला खेतरानी नाना**-লিবাদেশ গ্রাজনগণ বিচক্ষণ মহাস্থেরা আপন আপন হাবার মান্ত স্থির করিয়াছেন তালা উদ্ভম। বিশেষভঃ আশিষ্য সংস্কৃত ভাষায় দেৱনাগার বৰ্ণে বেদ. 🔧 ন্তে বেদাঞ্জ, দর্শন, ব্যাকরণাদি যে সকল নিউমে,ভাল নানা গ্রন্থ আছে, তাঙা गरथा। कृतिएउ इंडेरन नीर्घकीवी एक कर मनू-ব্যের জীবন সাপন হয়, তাহাতে দ্বীপ বিশেষে বা দেশ বিশেষে নানা ভাষায় নানা প্রকার বিদ্যা নানা পণ্ডিত কর্তৃক যাহা প্রকাশ হর, অর্থাৎ হিব্রিউ, ঐাক, লাটিন, ফুেঞ্চ, ইংরাজি, আরবি, ছগজी, यारमनि, नति, পহলि, পাবসি ইত্যাদি। এবং সংফৃত হইতে যে বিয়ালিশ প্রকার ভাষা নিৰ্গত হট্য়াছে ভাহাতে যে সকল গ্ৰন্থ আছে ति नमूनात्र मञ्जूषात जीवन পরিমাণ কালেও পাঠ করিয়া যে বিদ্যা হওয়া সে অতি স্থ নাঠী

এবং হয় না কিন্ত আমি বোধ করি ধদি কেহ ঐ স্কৃত ভাষ বিকা করিয়া ঐ স্মত নান প্র-কার ণাক্ত ওগ্রন্থ সমস্ত পাঠ কবিতে পারিত ভবে বিশ্ববিদ্যা ও বিজ্ঞানবিদ্যা ও ব্রহ্মবিদ্যা প্রভৃতির অনেক **আসাদন প্রাপ্ত হইতে প**রিক। এবং ইহাও বোধ হইত যে মনুষ্য মনুষ্যন্ত ৰূগে 🕬 জাতি হইয়াও জাতি ভেদ, ভাষার প্রভেদ, এফর ভেদ, ধূর্মশান্তা ও মত প্রভেদ, কেন হইল, কোন प्रमुख इक्टूटिके वा आंतुष्ठ इक्टूट हेवात आनिश বিবরণই বা কি, ইহার বিশেষ অনুস্কান পাইত না, স্কুতরাং চমৎকারে স্থির হইত। এবং ইহাও প্রত্যক্ষ করিয়া জ্ঞাত হইত, যে প্রার্থের প্রভেদ না হইয়া কেবল ভাষারি প্রতেদ হয়। যেমত সংস্ত বাণীতে যাহাকে অগ্নিকহে, তাহাকে ইংরাজিতে ফায়ের ও পার্দিতে আত্ম কংক ইত্যাদি নানা ভাষায় নানাবিধ বলিয়া গাকে: বাহা হউক জন্মভূমির আপন ভাষা যেমন স্থগম ্ও স্মরণ থাকে, অন্য ভূমির অপর ভাষা তেম জুই ্রত্যুম, ও বিশারণ হয়। কিন্তু অভান্ত অসভা ভিয় কোন সভা ভাষা সকল সহজ ও ক'ৰিন্

অস্তুদাৰ বিধায় প্রাচীন ও নবীন ওঁলীপ ও অন্য দ্বীপ্রাদী যশোরাশি মহাজনগণের বিশ্বজ্ঞান প্র-কাশক বোধ, আমার প্রত্যেধ ছারা নিমন্ত্রণ ত-বিবা বে তাঁহাদেব গ্রন্থ ক্ইতে কোন কোন বাক্য চক্র করিয়া আপন প্রণীত গ্রন্থ সভার সভা করিখা বিবেচনার ছারা রচনা ও সমাদ্র সম্ভাষণা পূর্ব্বক সংস্থাপন করিলাম। এই ভরুসা করি বে এ গ্রন্থ সভাদর্শক মহাশয়দিগের রসনা 🤨 বাকা যত্ত্বে পাঠ করিলে জ্ঞানানন্দের ৰূপ ন্ত্রসজ্ঞিত ও মাজ্জিত হইতে পারিবেক। কিন্তু খদি এ এন্থের কোন কোন স্থানে ভুল ও দোষ দৃষ্টি করেন- তবে বিজ্ঞ ব্যক্তিদিগের স্বভাব গুণে ক্ষমা করিবেন। শিষ্য ও আচার্য্যের প্রশ্ন উত্তর দারা সম্পন্ন ভিন্ন পদার্থ বিদ্যা বিশৃষ্খলা হয়. এবং ভাল বোধ হয় না। স্কুতরাং প্রশ্ন উত্তর উপলক্ষ করিয়া গ্রন্থ রচনা করিতে হইল।

विनटि इट्टेंदिक। या एड्ड्र याहा मर्वामा वावहाः করা যায়, তালাই সহজ, আর শাস্ত্র ও জ্ঞান প্রকাশক ভাষাবেই কঠিন বলা যায় ৷ লভএই যে কোন দ্বীপ দ্বীপান্তরবাদী মহাশয়েক। বিশ্ব জ্ঞান ও ব্রহ্মজ্ঞান বিষয়ক যাহা প্রিস্থ করিয়া ছেন, তাহা ভানেক স্থিরও হইয়াতে, অনেব বিষয় অস্থিরও আছে। অনেক বিষয়ও জানিয়া ছেন, অনেক বিষয় অজ্ঞানিতও আছে। অতএ প্রমেশ্বরের স্থাটি বিষয় সকল জানিতে সর্বন **ইচ্ছা করি। এবং অচি সহজ ৰূপে বঙ্গভা**ষাং যত সংক্রেপে পারি, স্থবোধ ও শান্ত বালক বা লিকাদের প্রবোধ নিমিত্তক এই বিশ্বজ্ঞান ও ব্রক্ষান নামক গ্রন্থ প্রকাশ করিতে অভিলাণ্ করিয়াছি। ইহাতে কেবল স্থুখ আর জ্ঞানের রুদ্ধি হয় এমত নহে, পরম শ্রেয়ন্তরও হইতে পারে। অতএব, এইক্ষণকার বিচ্ছ মহাশয়ের যাহা লিখিয়াছেন, তাহাও দৃষ্টি করিয়া পদার্থ বিদ্যা বিষয়ক স্থীয় অভিলাষ পূর্ণ করিতে ইচ্ছ করি। কিন্তু পদার্থবিদ্যা ও ত্রহ্মবিদ্যার বিপুর অনেক বিষয় আমার অসঙ্গতি থাকায়, আশি

विश्वकान ७ वृक्तकान।

মঙ্গলাচর গা

এক প্রমাত্মা মাত্র পদার্থ আছেন, তাঁহাকেই বিশ্বস্ৰাটা সকল শাস্তেই লিখিয়াছেন, ফলতঃ তিনি रुखे कि कि इंटे जारवन ना खपा मकल्टे करतन. এবং নিগুণ, ক্রিয় এক এ গুণ্ট আছে! তিনিই নির্বিক্রে, নিজা সাল সং টেডনা আনন্দময়, সকল মঙ্গলাল্য এবং সর্বসাকি স্বৰূপ এক ব্রন্ধ কপ হলে ইনি কার্ণ শূন্য পঢ়ার্থ, মন্সা বাচাতীর এবং অন্তর বাহ্য সর্ব্যাত্মক হরেন। এই স্টি 🍕 🕏 নাশের নিষম কর্ত্তা পরমেশ্বর পরম-পিতা দৰ্মান্য ধনা সাক্ষাৎ মহাশ্য়। এই সতা বন্ধ হটতে বিশ্বাদের পাত্র এবং প্রিয় পাত্র আর নাই। এই প্রাণাধিক প্রিয়তমকে সর্বস্থ সমর্পণ করা শয়। অতএব তাহাই করিয়া ইহাঁকে অবণ, यात्रा, भनन, निष्धिमन, धान, भभाषि, छान-দ্বারা এখা জ্ঞান আরাধনা করিয়া কায়মনো-नारका भूनः भूनः अगाम भूर्यक आमि এই अस् বর্ণনা ও রচনার অভিলাষ করিতেছি, যাহা হয় ভবিষাৎ তাঁহারই স্বেচ্ছায় আছে।

প্রথম অধ্যায় ৷

স্টি' প্রকরণ।

শিষ্য প্রশ্ন করিতেছেন, হাঁ গো শিক্ষানাথ। , আমাকে অনুগ্রহ করিয়া আদি হইতে বিশ্বজ্ঞান এব: ব্রহ্মজ্ঞান উপদেশ করিতে আজ্ঞা হউক। আচার্য্য উত্তর করিতেছেন, হাঁ প্রিয়পাত অবণ কর, এক প্রকার কহিতেছি। কিন্তু তুমি প্রথমেই আমাকে এমত এক আশ্রুর্য ও মনো-হর, ভয়ানক ব্যাপার লিখিতে প্রবৃত্ত করাইতেছ (य अथरभाक अछु ७ रुषि अकत्र विनाट इई-লেই, বোধ হয় যে তাহা এমত মনুষ্যদের স্মর্ণা তীত কাল হইয়াছে। অতএব যে কোন প্রকারে তাহার আদিম বিবরণ শৃত্থল। ৰূপে লিপিবদ্ধ कतिहा मिंदिश्य श्रीमां बाता विश्वाम जन्माहेवात সম্ভাবনা নাই। কারণ এজগতের স্থটি বিষয় ও প্রমেশ্বরের স্বৰূপের ও গুণের ও অবস্থার বি-ষয় ও জীবাত্মা প্রমাত্মার বিষয় এবং নানাদ্বীপ দেশীয় ধর্মের বিষয় নানা প্রকার মতের ও ভাষা

চলিতের বিষয় নানা শাস্থীয় নাম মতের অস্ত্র-শাহী আছে। কাহার স্বাধ্রিক হওয়া অতি স্তাক-ঠিন। কিন্তু বংলীয় গ্লিয় অত্যন্ত ভাবশ্যক বি-ধায় অবশ্যই কিঞ্চি: নিখিতে হইল। স্থানীর বিষয় কোন কেন ২৮৫৫ লেখে, এই সমুদায় জগৎ সৃষ্ট হুইবার পূর্কের কেবল এক মাত্র শরীর রহিঃ ইন্দ্রিয় রহিত অবিনাশি জ্ঞান স্বৰূপ নিত্য পরমান্না বর্ত্তমান ছিলেন। দ্বিতীয় আর বস্তু ছিল না তিনি বতা কাম, সতা সংকল্পা, তিনি যাহা कामना कर्तन তाहा उৎक्रमा हस, कमानि वार्थ হয় না। তিনি অনা কোন বস্তুর সাহায্য ব্যতি-রেকেই প্রমাণু রাশির সংকপে করিলেন। তাহা তংক্ষণাথ হইল। এবং জগৎ স্বন্ধি করণে তিনি জীবাত্মা সমূহের সংকপ্প করিলেন, সমূহ জীবাত্মা হইল। তিনি পরমাণু সকলেতে যে যে স্বভাব ও নিয়ম সংস্থাপন করিতে ইচ্ছা করিলেন, তা-হাই হইল। তিনি ভিন্ন ভিন্ন জীবাত্মাতে যে প্র-করে বৃত্তি ও প্রকৃতি নিয়োগ করিতে অভিপ্রায় ক্রিলেন, তাহাই হইল, এই জগতে কত পদার্থ মাছে তাহা কে নিৰূপণ করিতে পারে। এই

ক্ষুদ্র পৃথিবীতে যত পদার্থ আছে তাই: কি অ-দ্যাপি নিৰূপিত হইয়াছে, না কোন কালে নিঃ-শেষ ৰূপে হইবার সম্ভাবনা আছে, থাবার এক এক পদার্থ অসংখ্য অনুরাশির সমষ্টি।

দিতীয় অধ্যায়।

ু স্ফি প্রকরণ।

কোন কোন শাস্ত্রে লেখেন এক অসীম প্রমান্না, সর্কা প্রত্যক্ষ দারা অবভাষিত এই সমস্ত
জগত স্থানীর পূর্কো প্রকৃতিতে লয় প্রাপ্ত হন ।
তিনি চক্ষ্রাদি ইন্দুরের জ্ঞানাতীত, এবং অন্তমিতি বা তর্কদারা ছর্ণিরপ্যা, ও শব্দ জ্ঞানের
অবিধরীভূত ছিলেন। প্রলয়াবস্থাবসানে সর্কা শকিমান্ প্রমান্ধা, স্থয়মুৎপাদিত ও ঐশ্ব্যাদি
গুণাবিশিষ্ট আপন সামর্থ্য মহা মারাতে কাপ্পনিক ইক্ষণদারা মহন্তত্ব প্রভৃতিকে ব্যক্ত করিলেন। পূর্কাকিপিত প্রারন্ধা স্বরূপ (হং স্বানা হং)
জ্ঞান, অবিদ্যাকে আপ্রায় করিল। অনন্তর, ঐ
মহামায়া এক অন্ত্র বীজ্ময় অণ্ড প্রস্ব করি-

লেন। এই জন্য তাবং বীজ ফুক্ম বা বুহৎ অণ্ডা-কাৰ হইয়া থাকে। ঐ গ্রন্থ চতুর্বিংশতি তত্ত্ব মিশ্রিত, অভের চতুষ্পাশ্বে অনন্তকাল রক্ষ্ পরিবেষ্টিত রহিয়াছে ৷ অট প্রকার ভিন্না প্রকৃতি স্বৰূপ মায়াপাশ ঐ মতকে বন্ধন করিয়া রাখি য়াছে। যথা অহং কাল ৰূপ দৰ্প হইতে আকাশ হইয়াছে. তাহা হইতে অনিল, তাহা হইতে অগ্নি, তাহা হইতে আপ, তাহা হইতে অবনী হইয়াছে। अर्थ अर्थ जरवात मञ्ज अः । इत्रेट मन इरेशारह। এই মনোরুত্তি ভেদকেই বুদ্ধি বলা যায়। কেছ কেহ বলেন, ঘৃণা, লজ্জা, ভয়, ক্রোধ, জুগুপসা, হিংসা, দ্বেষ, শীলতা, এই অফ পাশে ব্ৰহ্মাণ্ড বদ্ধ হইয়া রহিয়াছে, পরম কারুণিক পরমেশ্বরের শক্তিকে স্বভাব বলা যায়, এবং ইহাকেই আত্রয় করিয়া সংসার রহিয়াছে। এই স্বভাব হইতেই मकल कीरवत कम्र इंट्रेश थारक। পरत এका-স্থাতে তাবৎ লয় পায়, পূর্ব্বোক্ত মহতত্ত্ব প্রকৃতি তিন প্রকার বিকার প্রাপ্ত হইয়া রজোগুণে ব্রহ্মা, সত্ত্বগুণে বিষণু, তমোগুণে শিব ৰূপ ধারণ করি-য়াছেন। এবং. তাঁহারা আপন আপন অহস্কারে

বন্ধ হইয়া রহিয়াছেন। তদনন্তর মায়া শক্তি অব-नम्रत्नत ও जाजारत्रत ज्ञान, जनत्रत भूना, हेन्त्रि-। য়ের অগোচর, নিত্য সিদ্ধ, মনোমাত গ্রাহ্ম বেদ-ধন্যাত্মক পর্মাত্মা, নানাবিধ লোক স্থটি করি-বার নিমিত্ত, হিরণ্যগর্ত্ত ব্রহ্মার স্থাটির অভিলাষ क्रित्लन। श्रुत्त, चािनज्ञ अञाभािननी षापन मंक्ति, ष्रधाकात्त्र प्रतिगठ हरेत। ঐ অওমধ্যে ঐশ্বর্যাদি গুণ সম্পন্ন হির্ণ্যগর্ত্ত রক্ষা জন্ম গ্রন্থ করিলেন। তিনি ব্রাক্ষ্য সংবৎসর কাল তথায় অবস্থিতি করিয়া ঐ অও ছুই খণ্ড হইবার মানস করিলেন। অতএন, অও দিখও হইয়া মহাবিরাটের জন্ম হইল। এই অনন্ত অদীম মহা বিরাটের শরীর মধ্যে অনস্ত কোটি বিশ্ব ঘূর্ণন ও ভ্রমণ করিতেছে। ঐ মহাবিরাট হইতে কুদ্র বিরাটের **উৎপত্তি হইল। ক্ষুদ্র**বিরাটের নাভি-পত্নে ব্রন্ধার জন্ম হয়, এই ব্রন্ধার ললটি হইতে স্টি সংহারক শিব অংশে কালাগ্নি রুদ্র জন্ম গ্রহণ করেন। পরে ত্রহ্মা ঐ দিখণ্ড অণ্ড দারা, ' উৰ্চ্চ খণ্ডে ভূলোক, ভবলোক, স্বৰ্লোক, মহল্লোক, कर्माक, ज्लाताक, मज्जाताक, वह मञ्ज स्वर्ग,

ও জমু প্রক্ষ, কুশ, ক্রেঞ্চ, শাক, শালাল, পুষ্ণর নামক সপ্তদ্বীপা পৃথিয়া স্থটি করিলেন। ,এই পৃথিবীর পরিমাণ পঞ্চাশ কোটি যোজন নি-ৰূপিত আছে। এই সপ্তদ্বীপা পৃথিবীর নীচে অ-ভল, বিতল, স্থতল, তল, তলাতল, **আতল, রসাতল**় নামক সঞ্পাতাল স্টি করিলেন। এই সমু-দায়ের পাশ্বে অন্ধকার ভূমি, তার পরে কাঞ্চ-নাভূ, তার বহির্ভাগে জ্যোতির্ময় আছে। এই সমুদায় জগৎ বেষ্টিত আকাশ এবং দিক্ আছে। পরে জল সমূহের আকর, লবণ ইক্ষু স্থরা সর্পি দধি তৃদ্ধ জলান্তক নামক সপ্ত সমুদ্ৰ হৃষ্টি ক-রিলেন 🕖 মহন্তভাদি দ্বারা যে ৰূপ জগৎ স্ফ হ-ইল, তাহা প্রত্যক্ষ করিবার নিমিক্ত পরমাত্মা হ-ইতে মনকে আকর্যণ করিলেন, এই মন সংকপ্প ও বিকপ্প এই উভয় ক্রিয়ার আতায় হইয়াছেন। উহাকেই ত্রিগুণময় কার্য্য সমূহের উৎপত্তির কারণ বলা যায়। এই মন জ্ঞানেন্দ্রিয় পঞ্চক ও কর্দোন্তিয় পঞ্চকের গুণগ্রাহক, এবং জীবাত্মার স্থুখ ছুংখের অনুভাবক হয়েন। পরে ব্রহ্মা ম-হন্তত্ত্ব ও অহংকারতত্ত্ব, এবং পঞ্চ তন্মাত্রের

অন্তর্গত পদার্থের স্থক্ষাবয়র সকলকে স্থীয় স্বীয় বি-কারে নিয়োজিত করিয়া মনুষ্য, পশু, পক্ষী, স্থা-বরাদি তাবৎ ভূত সমূহকে নির্দাণ কবিয়াছিলেন, ঐ জীব সকল অহস্থারে আর্ত হইয়া শুভাশুভ সংকল্প ও স্থুখ ছঃখাদি ৰূপ স্বকীয় কাৰ্য্য সমুদায় নির্বাহ করিতেছে। কিন্তু ইহার প্রধান কারণ মন, যে মনস্তত্ত্ব অবিনাশী ও সমস্ত বিশ্বের উৎ-প্রির নিমিত্তীভূত হইয়াছে! যেহেতু মনোজনা শুভাশুভ কর্ম হইতে বিশ্ব সমুদায়ের উৎপত্তি দুইয়া থাকে। অবিনাশি যে মূর্ত্তিমাতা অর্থাৎ শরীর সম্পাদক পদার্থ, তাহা হইতে বিনাশি এই জগৎ উৎপন্ন হয়, স্কুতরাং কার্য্য অপেক্ষায় কা-রণ পদার্থ বছক্ষণ স্থায়ী প্রতীতি হইতেছে। অত-এব জগৎ অপেক্ষা উক্ত পদার্থ অবিনাশী, জ-গতের পরম কারণ ও ব্রহ্ম পদার্থ, তাহাই নিত্য উপাদনীয়, ইহাই দর্শাইবার নিমিত্ত এই অনু-বাদ হইল। পুর্বোক্ত আকাশাদি পঞ্চ ভূতের শব্দাদি পঞ্চদশ গুণ নিৰূপণ হইয়াছে, যথা প্ৰথম ভুত আকাশ, তাহার গুণ এক শব্দ মাত্র, দিতীয় ভূত বায়ু, তাহার গুণ শব্দ, স্পর্শ ভূতীয় ভূত

ুভজঃ, তাহার গুণ শব্দ, স্পর্শ, রূপ, চতুর্থ ভূত জল, তাহার প্রণ শব্দ, স্পর্ল, রূপ, রুস, পঞ্চম ভূত পূ-থিবী, ভাছার গুণ, শব্দ, স্পর্শ, ৰূপ, রুম, গন্ধ পরে ঐ ত্রহা প্রমাত্মা জ্ঞানের ও তাঁহার উপাসনার ও ধর্মা সংস্থাপন ও যজ্ঞ সিদ্ধির কারণ, এবং তাহাদিগকে, সপ্রমাণ জন্য অগ্নিও বায়ুও স্থ্যা হইতে ঋক, যতু, সাম ৰূপ স্নাতন বেদত্রত্ব আক্ষণ করিয়াছিলেন । বাস্তবিক পূর্ব্ব কণ্পে ্যে সকল বেদ সচেতন স্থৃতি ৰূপ প্রমান্তায় লীন খাকে, প্রক**েপর আরম্ভে ব্রন্ধা সেই সকল** বেন অগ্নি বায়ু সূর্য্য হইতে আকর্ষণ করিয়া থাকেন। স্ফির আদিতে সমস্ত বস্তুর নাম, ও লিঙ্গ ভেদ এবং কর্মাদির বিবরণ, ঐ বেদ শব্দ হইতে জ্ঞাত হইয়া প্রকাশ করিয়াছিলেন, এবং কাল বিভাগ, আদিত্যাদির গতি নিয়ম দারা মাস, ঋতু, অয়নাদি ৰূপ, ও অশ্বিনী আদি নক্ষত্ৰগণ, ও সূৰ্য্যাদি গ্ৰহ্-গণ, ও নানা স্থানে নানা প্রকার তারাগণ, ও সা-গর, সমুক্ত, নদ, নদী, ভূমি, পরতে, এবং সম-বিষম ইত্যাদি হৃটি করিলেন গেরে ব্রহ্মা ধর্ম ও व्यथर्ग्यत विषय त्वन इटेंटि अर्ट वित्वहन। करतन,

যে পরম ব্রন্মের উপাসনা ও তপস্থাদি, এবং দুচং চিত্তে ধর্মা কর্মা প্রভৃতির প্রতিপালন করা কর্ত্ব্য। বিনা দোষে হত্যা করা, চৌর্যা, ও প্রতারণা ও মিথ্যাচরণ প্রভৃতি কর্ম অধর্ম, ইহা অকর্ত্তব্য, এই ৰূপে কর্ম সকলের বিভাগ নিমিন্ত, ধর্ম ও অধর্ম, এই উত্য়ের পৃথক্ পৃথক্ রূপে অভিধান করিয়া-ছিলেন। এবং ধর্মা ও অধর্মোর ফল স্বরূপ স্থুখ ছঃ-খাদি ছন্দু সকলের সৃষ্টি করিলেন। এবং প্রজা সবংগর স্থাটি করিয়া তাহাদের ধনি ও বাক্য ও রতি ও চিত্তের ভূষি, ও স্থে ছঃখ, ও কাম, ও . ক্রোধ, ও রাগ, ও দ্বেষ, ও কুধা, ও পিপাসা, ও লোভ, ও ফোহ, ও মদ, মাৎস্থ্যাদি সমস্ত দে কিছু পদা**র্থ স্থাটি** প্রকরণে পরিগৃহীত আছে, তাহা সমুদয় স্থাফী করিলেন।

যাহা হউক পঞ্চ মহাভূতের স্থানাবাহা পঞ্চত-মাত্রের সহিত বিশ্ব কার্য্য সকল ক্রমশঃ স্থান হইতে স্থান ও স্থান হইতে স্থানতর উৎপন্ন হয়। ইহার শ্বভাবিক আশ্চর্য্যের বিষয় এই যে, হিংস্র ও অ-হিংস্র মৃত্ব ও ক্রুর, ধর্মা ও অধন্ম, সত্য ও অসত্য, এই ৰূপ যে প্রকার নিৰূপিত আছে। শ্বভাবত

দুষ্টির উত্তর কালেও তাহাই হইয়া থাকে, যেমন সংহাদির হিংজ্র গুভাব, হরিণানির সাধু স্বভাব, ব্রাহ্নণাদির **মৃত্র স্বভাব**। ক্রিয়াদির **কূ**র **স্বভাব।** िশ्यः (मथः, (यमन **उक्त**) । अक्रामीरमतः उक् उलामना कता धना, जात जे वाक्रिएत मना মাংস ভফণ এবং দৈগুন করা অধন্ম। আর मठा दावरात 'अ वथार्थ कथन धामि करनत नकन. ও অবল ও অধ্যার্থ ভাষণ অধান্মিকদের লক্ষণ, हेटापि नुकी पापि का**रवर् এ ममुनाय मृक्टि** इय, কিন্তু পরে বিশেষ করিয়া প্রকাশ হয়। যাহা হউক, পরে, द्रका মানদে দেবতা ও মানদ পুত্র মনু मृक्ति विज्ञिनन, এই मञ्जू महामंत्र महीि जानि म-इपि मुभुजनरक शृष्टि कतिलान, के मुभुजन उपमा দারা এ: দাণ্ডতি হইয়া স্কর অস্কর আজ্যপা প্রভৃতি পিভূলোকদিগকে এবং মনুষ্য ও যক্ষ, রাফস, পিশাচ, গন্ধর্বে, অপ্সর, নাগ, কিন্নরাদি ও গরুড় প্রভৃতি পক্ষীকে সৃষ্টি করিলেন। এবং মেঘোপরি দেদীপ্যমান দীপাকার জ্যোতির্ময় বিচ্যুৎ ও মেঘ হইতে নিঃস্ত বুক্ষাদি বিনাশক বিচ্যাৎ অগ্নি স্থিটি করিলেন। মেঘ ও সূর্য্য কিরণ দারা আকাশ

মওলে পরিদৃশ্যমনে নানাপ্রকার নানাবর্ণ ৰূপ, ও
তামানই বক্রভাবে উদয় ৰূপ ইক্রথন্ত্র বা মেঘধন্ত্র
বা শাসধন্ত্রক সকলও স্থাই হইল। এবং আকাশ
হইতে পতনশীল জ্যোতিৰূপ কল্পিত নক্ষত্রাকার
নক্ষনে ও উল্কা, এবং ভূমি ও আকাশ গত উৎপাত ধূনি ৰূপ নির্ঘাত, ভূমিকল্প ও অসীম মহাকাশে ভ্রমণকারী শিখাবিশিট ধূমকেতু সমূহ ও
ধ্রব ও অগস্ত্যাদি ও অনান্য উচ্চাৰ্চ জ্যোতি
স্থাটি করিলেন।

অনন্তর, ঐ প্রজাপতি মহাশয়েরা পশু ও পক্ষী ও উভয় পংক্তি দন্তবিশিষ্ট জন্তু, এবং কমি ও তদপেকা কিঞ্চিং স্থূল দেহবিশিষ্ট কীট, ও পতঙ্গ, ও যুক মক্ষিকা, এবং উকুণ, ও ছার-পোকা, ও সমস্ত দংশ মশক, ও রুকাদি ও লতাদি জাতি ভেদে বিবিধ স্থাবর, জঙ্গম আর যে জীবের যাদৃশ কন্ম তাহাকে তদনুরূপ, যোনিতে উৎপাদ্দ দন করত সমস্থ জগৎ স্থাটি করিয়াছিলেন। প্রে পরমেশ্বরের ইচ্ছানুসারে যে জীবের থে প্রকার ভেদ আছে তাহা করিলেন। অর্থাৎ মৃগ প্রভৃতি পশুগণ সরীসূপগণ, ও উভয় পংক্তি দক্তবিশিষ্ট প্রাণিগণ, এবং রাক্ষস, পিশাচ, মনুষ্য প্রভৃতি ভূতগণ জরায়ুজ হইল। জরায়ু গর্ত্তাবরণ চন্দ্র্য, তাহাতে মনুষা প্রভৃতির প্রান্ত্র্ভাব হয়, পশ্চাং তাহা হইতে মুক্ত হইয়া পৃথিবীতে পতিত হয়। हेहाहे তाहारमत जन्म क्रम। भकी, ও मर्भ, उ কুন্দীর ও কচ্ছপ, ও ক্রকনাম, ও শংখ সমূক প্রভৃতি যে সকল স্থলজ, ও জলজ প্রাণী আছে, তাহার: অণ্ডজ। প্রথমতঃ, গর্ব্ব হইতে অণ্ড নির্গত হয়, প্র-শ্চাৎ তাহা হইতে উক্ত পক্ষী প্রভৃতি প্রাণীগণের জন र्य, हेराहे जोशारात जन्म जन्म। जालवाता পার্থিব পদার্থ সকলের যে ক্লেদ জমে, তাহাকেই अप वना यात्र । अवर औ स्वाप स्टेरिक परम मन्द्र মফিকা মৎকুণ প্রভৃতি স্বেদজ গণের জন্ম হয়। স্বেদ জনক উন্ন হইতে বিছা প্রভৃতি প্রাণিগণ উৎ-পন্ন হইরা থাকে, ইহাই তাহাদের জন্ম ক্রম বলা যায়। পরে রুক্ষাদির উৎপত্তি অভিধান পূর্বকে যে রক্ষাদির যাদুশ কর্ম তাহা কহিতেছি এবং কহিব, ভূমির উর্দ্ধ ভেদ করিয়া ধাহা জন্মে, তাহা উদ্ভিজ্ঞ শব্দে অভিহিত হয়, উক্ত উদ্ভিজ্ঞগণ স্থিরতর, বৃক্ষ ও লতা প্রভৃতি নামে বিখ্যাত হয়। তাহার মধ্যে কোন কোন বৃক্ষাদি বীজ হইতে ও কোন কোন বৃক্ষাদি রোপিত শাখা হইতে জাত হয়। যে স্কল উদ্ভিজ্জের ফল পক্ষ হইলে সমূলে বি-নাশ হয়, অথচ পূর্ব্বাবস্থায় নানাবিধ ফল পুস্পাদি যুক্ত থাকে. ভাছাকে ঔষধি বলা যায়। আর যে ক্তিপয় উদ্ভিজ্ঞ পুষ্পাহীন অথচ ফলবান্ তাহাকে বনস্পতি বলিয়া থাকে। অন্য কতিপয় উদ্ভিজ্জের পুষ্প হইয়া তাহাতেই ফল জন্মে, এইৰূপ উভয় প্রকারে ব্রুগণ পৃথক্ বলিয়া জানা বায়। মলিকা প্রভৃতি উদ্ভিজ্জের প্রশাখা থাকে না, উহাদিগের শাখা হইতেই পত্র নির্গত হইয়া থাকে। শর, ইকু, ধান্য, ও কুশ প্রভৃতি, ভৃণ জাতির রোপণ কালে একটি মূল থাকে, পরে ষত বৃদ্ধি হয়, ততই গুচ্ছ-ৰূপে দৃষ্ট হয়। আর গুড়ুচী প্রভৃতি লতা সকল . वीज अथवा का छ इटेट जा छ इटेशा वृकामितक আতার করে। এই বৃক্ষ প্রভৃতি স্থাবর সকল অধন্ম কৰ্ম হেতু তমোগুণ দ্বারা বছতর ৰূপে ব্ৰেটিত হইয়া অন্তলৈতনা বিশিষ্ট হয়। উদ্ভিজ্ঞ সকল প্-विवीत तम आकर्षण ও मिच वर्षण अ स्था हन् কিরণ দারা জীবিত ও বর্দ্ধিত হইয়া থাকে। কিন্তু श्विकरत स्या तिचा मश्लध स्ट्रेल म्रान स्ट्रेश যায়। এবং তাহারা অত্যন্ত শুষ্ক হইলে মরিয়া ধায়। যদিও বিশ্বকার্যা সমুদ্য়ই ত্রিগুণাত্মক তথাপি বৃক্ষাদির তমোগুণের বাছলা প্রযুক্ত তাহার৷ কে-বল তমো বেফিত বলিয়া উক্ত হইয়াছে বাহা इंडेक जब मत्रशिन्त कुःथ वर्ष वाष्ट्रना उप्रकत, এবং সর্বাদা বিনশ্বর। এতৎ সংসারে ব্রহ্মাদি স্থাবর প্যান্ত জীব সমূহের উৎপত্তি ও স্থিতি ও নিবৃত্তির নিয়ম সকল বেদ হইতে প্রকাশ হয় জানিবা। কেহ কেহ বলেন, ত্রিকোণ যোনি যন্ত্র হইতে সৃষ্টি প্রব'হ সকল নির্বাহ হইয়া থাকে। কেহ বলেন মধুকৈটজের মেধ ও অন্থি দ্বারা এ পৃথিবীর সৃষ্টি হইয়াছে। তাহা অতি উৎকট বর্ণন এবং গ্রন্থ वाञ्चा २३ त्व वित्रा निथिनाम न। अना मत्ज ভিন্ন প্রকার সৃষ্টির বিষয় যাহা প্রকাশ আছে, অ-ৰ্থাৎ ভিন্ন দ্বীপেও অন্য দেশে ভিন্ন ভাষায় যাবনিক भारत्व गाहा लिथन, जाहा निधित्वहे इहेनं। का-রণ, সমুদায় মতের তাৎপর্য্য গ্রন্থ করিতে না পা-রিলে বিচার কি প্রকারে হইতে পারে।

1 36 1

তৃতীয় অধ্যায়।

সৃষ্টি প্রকরণ।

ষথা প্রথম ঈশ্বর স্বর্গ ও পৃথিবীর সৃষ্টি করি-লেন। পৃথিবী অস্থিরাকারা ও শূন্যা এবং গছীর স্থলের উপরে অন্ধাকার ছিল: ও ঈশ্বরের আত্মা জলের উপরে দোলায়মান হইলেন। পরে ঈশ্বর वितास य मीखि इंडेक ठाशाट मीखि इहेन, उ-थन नेश्वत प्रिथितन य मीखि উত্তম তৎপরে ঈশ্বর দীপ্তি ও অন্ধকার বিভিন্ন করিলেন, ঈশ্বর দীপ্তির नाम मितम ও অञ्चकारतत नाम तांजि ताथिरलन, এবং সন্ধ্যা ও প্রাতঃকাল হইলে প্রথম দিবস হ ইল। এবং ঈশ্বর কছিলেন জলের মধ্যস্থলে আ कान इंडेक, এবং मে जन এ जन इंट्रेंट भृथक করুক, অতএব ঈশ্বর আকাশের সৃষ্টি করিলেন, ও আকাশের উপরিস্থ জলকে নীচস্থ জল হইতে পৃ-थके कतिलान, जाहार्ट महमज हहेल। जवर अश्वत আকাশের নাম স্বর্গ রাখিলেন এবং সন্ধ্যা ও প্রা-ज्ञकाल इंडेरल दिजीय मिवन .इ**डेल।** পরে ঈশ্বর विलालन, यर्गित नीष्ट्रं अक शास्त्र अक्क रुष्ठेक ए

শুষ্ক ভূমি প্রকাশিত হউক তাহাতে সেই মত হ-ইল। পরে ঈশ্বর শুষ্ক ভূমির নাম পৃথিবী রাথি-লেন, ও একত্রীভূত জলের নাম সমুক্ত রাখিলেন। এবং ঈশ্বর দেখি**লেন যে তাহা উত্তম। পরে ঈশ্বর** বলিলেন পৃথিবী কোমল ঘাস ও বীজদায়ক তৃণ ও পৃথিবীর উপরিস্থ স্বমধ্যবর্ত্তি আত্মানুরূপ বীজ-দায়ক ফলদ বৃক্ষ উৎপন্ন করুক তাহাতে সেই মত হইল: অতএব ঘাস ও শ্বজাতামুৰূপ বীজদায়ক তৃণ ও স্ব স্ব জাত্যমুযায়ি স্বমধ্যবর্জি বীজধারী ফল দায়ক বৃক্ত পৃথিবী উৎপন্ন করিল। পরে **ঈশ্ব**র দেখিলেন যে তাহা উত্তম, এবং সন্ধ্যা ও প্রাতঃ-काल इंड्रेरल उ्ठीय मित्र इंड्रेल। उथन ঈश्वत কহিলেন দিবা রাত্রি বিভিন্ন করিবার কারণ স্বর্গের আকাশের মধ্যে জ্যোতি হউক ও তাহারা কাল, ও দিবস ও বৎসর নিরূপণের কারণ হউক, ও তাহারা পৃথিবীর উপর উজ্জ্বল করিতে স্বর্গের আ-कार्य रक्तां वि इंडेक, जाशाय महे मज इहेन। এবং ঈশ্বর ছুই বড় জ্যোতি নিশাণি করিলেন তাহাদের মধ্যে দিবসের কর্তৃত্বকারি মহাজ্যোতি ও রাত্রির কর্তৃত্বকারি ক্ষুদ্র জ্যোতি তিনি তাহাদি-

গেরও সৃষ্টি করিলেন। এবং প্রিবীতে উচ্চুল করিতে ও দিবা রাত্রির উপর কর্তৃত্ব করিতে ও দীপ্তি ও অক্ষকার বিভিন্ন করিতে ঈশ্বর তাহাদি-গকে স্বর্গের আকাশে স্থাপিত করিলেন। ও ঈশ্বর দেখিলেন যে ভাহা উত্তম, এবং সন্ধা ও প্রাতঃ-কাল হইলে চতুর্ণ দিবস হইল। তাহার পরে ঈ-শ্বর বলিলেন জল উরোগামি জন্তুদিণকে অতিশয় कार छे । अब करूक, वर शकी शृथिवीत छे शदत স্বর্গের আকাশে স্বস্ব জাত্যনুসারে হউক, ঈশ্বর স্ব স্থ জাত্যমুগারে জলেতে উৎপন্ন শুসকাদি ও গতিকারি প্রতি বড় জন্তুকে ও প্রতি পক্ষীকে নি-র্মাণ করিলেন। এবং ঈশ্বর দেখিলেন যে তাহা উত্তম, পরে ঈশ্বর তাহাদিগকে আশীর্কাদ করিয়া কহিলেন যে বৰ্দ্ধমান বংশ ও বহুপ্ৰজা হও সমুদ্ৰের জল পূর্ণ কর এবং পৃথিবীর উপরে পক্ষীও বর্দ্ধমান **दश्म इन्रेक**, এदः मन्ना ও প্রাতঃকাল হইলে পঞ্চম দিবস হইল। পরে ঈশ্বর কহিলেন পৃথিবী य य जाजासुमारत जीवरक वर्षां পশুদिগকে. ও উরোগামীদিগকে ও স্ব স্ব জাত্যনুযায়ী বন্য-পশুদিগকে উৎপন্ন করুক, এবং সেই মত হইল।

এবং ঈশ্বর স্ব স্থ জাত্যনুযায়ী বনাপশুদিগ**কে ও** স্ব স্ব জাতারুষায়ী পশুদিগকে ও পৃথিবীর উপ-রিস্থ স্বান্ধ জাতানুযায়ী উরোগামি প্রতি জ**ন্ধ**-দিগকে নিশাণ করিলেন, এবং ঈশ্বর দেখিলেন যে তাহা উত্তম। পরে ঈশ্বর বলিলেন, আমরা আ-পনারদের প্রতিমূর্ত্তি ও সাদৃশ্যেতে মনুষ্য নির্মাণ করি ও তাহারা সমুদ্রের জলচরেরদের উপরে ও খুন্যের পক্ষীদের এবং পশুদের ও সকল পৃথিবীর উপরে ও পৃথিবীতে উরোগামি প্রতি জম্ভর উপরে প্রভুত্ব করুক। অতএব, ঈশ্বর আপনারদের প্রতি মূর্ত্তিতে মনুষ্য নিশাণ করিলেন। ঈশ্বরের প্রতি মৃত্তিতেই তিনি তাহার সৃষ্টি করিলেন। তিনি পু-রুব ও স্ত্রী করিয়া তাহারদের সৃষ্টি করিলেন, পরে ঈশ্বর তাহারদিগকে আশীর্বাদ করিলেন, ও তাহারদিগকে কহিলেন, যে বন্ধ মান্ বংশ ও বছ-প্রজ। হও। পৃথিবী পরিপূর্ণ কর ও তাহা জয় কর। ও সমুদ্রের জলচরদের ও পক্ষীদের ও পৃথিবীতে গতিকারি সমস্ত জম্ভর উপরে প্রভুত্ব কর। এবং ঈশ্বর বলিলেন দেখ পৃথিবীর মুখের উপরিস্থ বীজ জনক প্রত্যেক তৃণ ও স্বমধ্যন্তি বীজ জনক

কলোৎপাৰনকারি সমস্ত বৃক্ষ আমি ভোমারদি-গকে দিয়াছি তাহা তোমারদের ভক্ষ্য হইবে।প্রাণি বিশিষ্ট পৃথিবীর সমস্ত জম্ভকে ও শূন্যের পক্ষী-দিগকে ও পৃথিবীর সকল উরোগামি জীবেরদি-গকে আমি ভক্ষের কারণ সমস্ত ত্ণ দিয়াছি, তাহাতে সেহ্মত হইল। ঈশ্বর যাহা নিশাণ করিয়াছিলেন সে দকলের উপরে তিনি দৃষ্টিপাত কবিলেন এবং দেখ তাহা উভ্তমোত্তম, সন্ধ্রা ও প্রাতঃকাল হইলে যঠ দিবস হইল। এই মতে স্ব-র্গের ও পৃথিবীর ও তাহারদের সমস্ত সৈন্যের স্থাট সমাপ্ত হইল। পরে ঈশ্বর স্থনিশিত সমস্ত ক্মা मक्षम नित्न ममान्य क्रिट्यन, এवर मक्षम नित्न স্থানির্দাত সমস্ত কর্ম হইতে বিশ্রাম করিলেন। **ঈশ্বর যে স্বর্গের ও পৃ**থিবীর পৃথিবীতে স্থাপিত হওনের পূর্বের ভূমির প্রতান্ধুরের নিম্মণি যে দিনে করিলেন, অর্থাৎ তাহারদের সৃষ্টিকালে স্বর্গ ও পৃথিবীর উৎপত্তির বিবরণ এই। কেননা ঈশর: পৃথিবীতে রুফি করিলেন না এবং ভূমির ক্র্যি ক-ি রিতে কেহ ছিল না। কিন্তু কুজ্বাটি উঠিলে, ও সকল ভূমিতে জল দিল। ঈশ্বর পৃথিবীর ধূলিতে

গনুষ: নির্মাণ করিলেন, ও তাহার নাসিকার হাই েচি করিয়া প্রাণ ৰূপ নিঃশ্বাস দিলেন, তাছাতে মন্ত্র্যা জীবৎ প্রাণ হইল। পরে ঈশর পূর্ব্বদিকে এ-्रास्थ এक উम्रान कतिलान, ও मে স্থানে স্থানিমিত মনুষ্যক স্থাপিত করিলেন। পরে ঈশ্বর প্রেয় দ র্শন ও ভক্ষ্যোপযুক্ত প্রত্যেক রুক্ষ এবং উদ্যানের भ वा अ इन्छ की तमना युक्त द्वाप अ अनम ९ छ्वान वृष्ण अ मुलिकः इंडेरन विकिंछ कतिरामन। धवः छेमारान জল দিবার নিমিত্ত এক নদী এ দেশ হইতে নির্গত হইল, ও সেই স্থানে ভিন্ন ভিন্ন হইয়া চতুৰুখ **হইল** : প্রথমের নাম পীশোন, সে এই যে ভুমণ করিয়া স্থণবিশি**উ খবিলাহ সমস্ত দেশ বেউন** देवकृशामान : विञीय ननीत नाम (शीरथान) तम এই যে কৃশ সমস্ত দেশ বে**উন করে। তৃতীয় নদীর** ম্পার্ম (থিদেকেল) সে এই যে আশুর দেশের পূ-র্বাদিকে গতি করে। চতুর্থ নদীর নাম (ফরাত)। ঈশ্বর এ দেশ উদ্যানের কার্য্য করিতে ও তাহার বক্ষা করিতে মনুষ্যকে তাহার মধ্যে রাখিলেন। निश्वत मसूरादक वह आडा मितन त्व छेम्हात्नत প্রত্যেক স্কের ফল তুমি অনিধিদ্ধ রূপে খাইতে পার। কিন্তু সদসৎ জ্ঞান বৃক্ষের ফল খাইও না, কেননা যে দিনে তাহ' খাইবা সেই দিনে অবশ্য মরিবা। এবং ঈশ্বর বলিলেন মনুষ্যের একা থাকা ভাল নয় আমি তাহার সহকারিতা যোগা আর এক গুনের নির্মাণ করি। পরে ঈশ্বর মৃত্তিকা হইতে প্রতি জন্তুর ও শূন্যের সমস্ত পক্ষীর নির্মাণ कत्रामखुत, जानग, ठाहारमत कि नाम ताथिरतन ইহা দেখিতে তাহাদিগকে তাঁহার নিকট আনি-লেন। এবং আদম, প্রতি জন্তুর যে নাম রাখিল সেই তাহার নাম হইল, এবং আদম সমস্ত পশুদের ও শূন্যের পক্ষিদের ও বন্যপশুদের নাম রাখিল। किश्व जाम्यत श्रक्तु भर्काती পाउरा शिल ना। এইদ্হতুক ঈশ্বর আদমের উপরে বড় নিদ্রা আনি-লেন, তাহাতে নিদ্রিত হইল | তিনি তাহার একটি পঞ্জর বাহির করিয়া লইলেন, ও সে স্থানে মাংসেতে পূরাইলেন, ঈশ্বর যে পঞ্জর আদম হইতে লইলেন,. তাহাতে এক জী নির্মাণ করিলেন, ও আদমের মিকট আনিলেন। তথন আদম কহিল ইং। আমার অস্থিতে জাত অস্থি ও আমার মাংসৈতে

জাত মাংস সে নারী নামে বিখাতা হইবেক।কে-ননা দে নর হইতে নিদ্মিতা, অভত্তব সমুধ্য আপন াপতা, মাতা, হইতে পৃথক্ হইবে ও আপ**ন স্ত্রীর** শ্রত থাকিবে এবং তাহারা একাঙ্গ হইবেক, দে গুই জন অর্থাৎ পুরুষ ও তাহার জায়। উলাঙ্গ ছিল, কিন্তু লজ্জিত ছিল না। ঈশ্বর নিমিতি সমস্ত মাঠের জন্তুর মধো দর্প ধূর্ত্তম ছিল। পরে নারীকে সে ব**লিল ও গো একি স**ভা যে ঈশ্ং ভোমানিগকে কহিয়াছেন যে উদ্যানের প্রত্যের ব্যক্তর ফল খাইও না,। নারী সর্পকে ব লিল আনরা উদ্যানের বুক্ষের ফল খাইতে পারি, किन्छ केश्वर शिक्षािष्टालन य উদ্যানের মধ্যস্থ বৃ-ক্ষের কল খাই ওনা ও তাহা স্পর্শ করিওনা, পাছে তোমরা মর। তাহার পর সর্প নারীকে কহিল, তোমরা নিভান্ত মরিবা না, কেননা ঈশার জানেন যে তোমরা যে দিনে তাহা থাও সে দিনে তো-মাদের চকু খোলা **যাইবে ও** তোমরা ঈ**শ্বরের** नाप्त ज्याज्य इरेवा। माती प्राचन य म বৃক্ষের কল উত্তম ভক্ষা ও প্রেরদর্শন এবং জ্ঞান দানের জন্য বপন, অতএব ফল পাড়িয়া খাইল

ও আপন স্বামীকে দিল তাহাতে সেও খাইল। এই অবধি মানুযে পাপ স্পর্শ করিল, ইহাতে তাহাদের দুই জনের চকু থোলা গেল। ও তাহাবা **জানিল যে আপনারা উলঙ্গ**় পরে বটের পত্র সেলাই করিয়া আপনাদের কারণ ঘাগরা করিল, এবং তাহারা শীতকালের দিবসে উদ্যানে ভ্রমণ-শারি ঈশ্বরের শব্দ শুনিল। তাহাতে আদম ও তাহার জায়া ঈশারের সন্মুখ হইতে উদ্যা নের বৃক্তের মধ্যে আপনাদিগকে লুকাইল : তথ্য ঈশ্বর আদমকে ডাকিয়া বলিলেন, যে তৃত্যি কোষায়, সে কহিল যে আমি উদ্যানে তো মান এক শুনিলাম, এবং উলঙ্ হ্রয়াতে ভাষ হইয়া অপেনাকে লুকাইলাম। ঈশ্ব কহিলেন তোমাকে কে বলিল, যে ভুমি উলঞ্চ, আমি যে বক্ষের কল খাইতে তোমাকে মানা করিয়াছি-লাম. তুমি কি সে বৃক্ষের কল **ধাই**ষাছ্ ' ত ধন আদম কহিল, আমার সহিত থাকিবার কারণ ভোমার কর্তৃক দক্তা নারী সে বৃক্ষের ফল আমাকে দিল ও আমি তাহা থাইলাম, তথন ঈশ্ব नातीरक विललन, ध कि जूमि कत्रिशाह? नाती

বলিক সপ আমাকে ব্যান করিব ও আমি পাইলাম। তথ্য ঈশ্বর সর্গতে বলিলেন, এই কার্য্য করংতে তুমি সমস্ত জন্ত ও সমস্ত বনা পশু অ-পেক্ষা অধিক শাপগ্রস্থ, তুমি পেট দিয়া গতি ক রিবা ও তোমার সমস্ত পরমায়ু ধূলা থাইবা এবং আমি ভোমার ও তাহার বংশের পরস্পর শ-ত্রুভা জনাইব, সে ভোমার মাতা চেপ্চা করিবে ও তুমি ভাহাদের হিংসা করিবা। তিনি নারী-কে কহিলেন, আমি তোমার ছঃখ ও গার্ত্ত ধা-রণ অতিশয় বাড়াইব, তুমি ন্যথাতে অপতা প্রস্ব করিবা ও তোমার ইচ্ছা তোমার স্বামীর বশী-ভূত। হইবে ও সে তোমার উপর প্রভুত্ব করিবে। এবং তিনি আদমকে বলিলেন, আপন জীর বাক্য শুনিয়া তাহা খাইও না আমি একথা কহি-রাছি, তোমাকে যে রুকের কল খাইতে নি-বেধ করিয়াছিলাম সে রুক্ষের ফল খাওয়াতে ভূমি তোমা হেতুক শাপএস্তা হইয়াছে, ভূমি আপনার সমস্ত পরমায়ু শ্রমদ্বার! তাহা হইতে ভক্ষ্য পাইবা, কণ্টক ও শিয়ালকাঁটা সে তো-মার কারণ উৎপন্ন করিবে, ও তুমি ক্ষেত্রের শাক ভক্ষণ করিবা, আর ভুমি যে পর্যান্ত মৃত্তিকা হইয়া না যাইবা, সে পর্যান্ত আপন মুখের ঘামেতে ভক্ষ্য খাইবা, ভুমি ধূলা ও পুনর্কার ধূলাতে লীন হইবা, এবং আদম আপন স্ত্রীর নাম (খবাহ) রাখিলেন, কেননা সে সমস্ত প্রাণির মাতা, পরে উশ্বর আদমের ও তাহার স্ত্রীর কারণ চর্মাবস্ত্র নির্মাণ করিলেন, ও তাহাদিগকে পরাইলেন

চতুর্থ অধ্যায় ।

সূষ্টি প্রকরণ।

কেহ কেহ কহেন, এ পৃথিবীর যে প্রকার
লক্ষণ, আর যে প্রকার নিয়ম কিয়া যে রূপ ভাব
দেখিতেছ বা দেখিবে, সে সমত স্থভাবত হইয়া
থাকে, এবং চিরকালই আছে, ও থাকিবেক।
ইহার এক কর্ত্তা পরমেশ্বর আছেন বলা মিথ্যা বা
শ্রীন্তি মাত্র। লোকে যাহাকে ধর্ম বলিয়া থাকে।
সে কেবল সম্পুদায়ক্ত রীতি, কিয়া সামাজিকতা নিয়ম, তাহাতে কেবল জগৎ শ্রী দেখিতে
ভাল হয় এতাবন্মাত্র কল, তাহা না মানিলে বু!
সেই মতাবল্মী না হইলে, অধর্ম বা ফতি হই-

বার সম্ভাবনা কি। যেহেতু, সৃষ্টি ও স্থিতি, নাশ, যে किছू जारहः এ ममुन्त अভाবত हे चित्रा धारक । ইহার প্রালয় ও মহাপ্রালয় কখন সম্ভবে না । কোন কোন শাস্ত্রে লেখেন পাঁচ সাত দিবসে ঈশ্বর এ পৃথিবীর নির্মাণ করিয়াছেন, অথবা অন্য কোন সাহায়া কিয়া কারণ দ্বারা জগৎ স্থটি করিয়া-ছেন। এমত বর্ণন করিলে ভাঁহার ঘথার্থ শক্তি বা গৌরবের হানি করা হয় । এবং হত্তে করি-য়াই বা কি প্রকারে মৃত্তিকা জল অগ্নি বায়ু আকাশ নির্মাণ করা হইবেক, এই প্রশা ক-রিলে, উহার এই উত্তর, প্রায় সকলেই বলিয়া থাকেন, যে ঈশ্বর সকল করিতে পারেন, কিন্তু এ উত্তর করা কেবল উত্তর করা মাত্র। তবে এখানে একথা জিজান্য হইতে পারে, যে শরীর না থাকিলে মন থাকা সম্ভবে না। আর মন না थाकिलाई वा रेष्हा कि क्षकारत रहेएउ भारत। অতএব স্থাটি বিষয় ঈশ্বরের স্বেচ্ছাধীন বলিলেও অশুদ্ধ বলা হয়, কারণ তিনি কারণ শ্ন্য ও আকার খূন্য পদার্থ। অদ্যাবধি তাঁহার স্বরূপ যথার্থ রূপে কেহ স্থির করিতে পারেন নাই,

াছেতু তিনি চিস্তাতীত পদার্থ ৷ পূর্ব্বোক্ত প্রশ্নের কেহ কেহ এমত উত্তর কবেন, যে যদিও ব্রহ্ম পদাথে ইচ্ছা. ছেয়াদি মনোরুত্তি কিছুই নাই. সতা, কিন্তু জীবগণ ইচ্ছা ভিন্ন কোন কর্মা করে না স্তুরাং জীবের ইচ্ছাদি মনোরুস্তি ধর্মা পরমান য়া। আরোপিত করিয়া সেই ভাব ব্যক্ত করি-তে হয় এই মাত্র : ধাহা হউক, আরও এক প্রকার সৃষ্টি ও তদবধি কালের বিষয় লিখিয়া প্রতাক স্থিতির বিষয় লিখিতে প্রবৃত্ত হইব। কোন কোন শান্তে লেখেন স্ফীর পূর্বে কে-বল এক কারণখুনা, আদি, মধ্য, অন্তহীন অ-मीम, পরমাত্মা পদার্থ ছিলেন, আছেন, থাকিবেন। চন্দ্রের যেমত শীতলতা শক্তি, ও সূর্যোর যেমত উষ্ণতা শক্তি, ও অগ্নির যেমত দাহিকা শক্তি, ও জলের যেমত দ্রবতা শক্তি, ও বিনাশি বস্তুতে যেমত নাশ শক্তি, ইত্যাদি স্বভাব, সিদ্ধ আছে, সেইমত জন্মাদির কারণ ব্রহ্মপদার্থে মায়া শক্তি * আছেন।

^{*} এ স্থানে শক্তি শব্দের অর্থ এই যে শক, শব্দে ঐশ্বর্যা, তি, শব্দে, পরাক্রম, ইহা তাঁহার স্বভাব সিন্ধ জানিবা:

অ্তত্তৰ সেই ব্ৰহ্ম, স্বশক্তিকে গণ্য প্ৰকাশ ব্যুবন তথ্য এ শক্তি হ'স এই জীব নাম ভজনা সেই জীব অহং বছলং। অর্থাৎ আমি तन इहे. এই मःकल्ल छेन्नुशी हत्य्रम । जाहा इहे-लाई हुक्ष्ण बाल भरनत आफ्रुकीय इस साई भरनत, हिन्छात्र काल इस, स्पर्ट कालइटेर ए फिक्, निक् হইতে আকাশ, তাহা হইতে বায়ু, বায়ু হইতে यशि জत्य, अशि इहेर्ड जल, जरनत मन इहेर्ड मुखिका इस्र। এই সমুদায়ের ৰূপ, গুণ, শক্তি, ও ক্ষমতা এবং নিয়ম দারা বিশ্বকার্যা সকল স্থাটি হয়। কোন কোন শাজেলেখেন, অদ্বৈত চিৎত্রক্ষ হইতে, বৈত এই জগৎ ও বিষয়াদি সকল উদয় পায়। যেমন তেজ হইতে বিষয় প্রকাশ পায়, সেই ৰূপ এই সচিদানন স্বৰূপ ব্ৰহ্মের সন্তার ছুই ৰূপ, এক नानाकारत श्रिकः अन्यः निर्विकात मिक्रमानन रक বল একৰূপ মাত্ৰ। এই চিৎত্ৰক্ষের মায়া শক্তিকে প্ৰকৃতি বলিয়া জানিবে, এবং দেই মায়াৰূপ উপাধি বিশিষ্ট চৈতন্যকে ঈশ্বর বলিয়া নিশ্চয় করিবে : এই মায়া উপাধি বিশিষ্ট ঈশ্বর এই সমুদয় জগৎ স্টি করিয়াছেন। কেহ কহেন এই পরমায

ঈশ্বরই অগ্রে ছিলেন, তিনি সংকল্প করিয়াছিলেন ষে আমি জগৎ সৃষ্টি করিব। সেই সংকল্প মাত্রে **এই সমস্ত লোক ऋग्छे इहेल। मध्यदनीय छे**शनि-গদে উক্ত **হইয়াছে, যে এই** জগ[ু] উৎপত্তির পূর্ব্বে কেবল সৎ মাত্র এক ব্রহ্ম ছিলেন। তিনি সংকণ্প করিলেন যে বিবিধ প্রকার জগৎ উৎপন্ন হউক. তাহাতে সেই সংকল্প মাত্রে যথাক্রমে আকাশ নায়ু অগ্নি জল পৃথিবী ঔষধি সপ্ত প্রকার এবং চতু-বিধ অন্ন ও বিবিধ প্রকার জীব সকল উৎপন্ন হইল। অথব্ববেদীয় মুগুক উপনিষদে উক্ত হইয়াছে যে যেমন অগ্নি হইতে ক্ষুলিঞ্চ সকল উদ্ভূত হয়, তদ্ধেপ সক্ষা পরম একা হইতে বিবিধ প্রকার চেতন জীব ও নানাবিধ জড় পদার্থ সকল উৎপন্ন হইয়াছে : কেহ কহেন পূৰ্বেৰ এই জগৎ অব্যাক্ত ৰূপে ছিল, এইক্ষণ বিরাট প্রভৃতির নাম ও ৰূপ চেতনা-চেতন নানা দৃশ্য পদার্থ ৰূপে স্থস্পট ব্যাক্ত হই-রাছে। অর্থাৎ বিরাট, অনু, নর, গো, অশ্ব. অজ, स्य, এवः शिशीनिकानि चम्नु बत्श वाक स्टेमारह। এবং দর্মে শক্তিমান্ পরম ব্রহ্ম চৈতনাই দর্মব্যাপী প্রযুক্ত দর্বন শরীরে প্রবিষ্ট হইয়া জীবনপে প্রদিদ্ধ

হযেন। যদিও তিনি সুথ ছুঃখভাগী না হউন, তথাপি সেই জীবের স্থুখ জ্বঃখ অনুভব হইবার কা-রণ এই যে, পরমেশ্বরীয় মায়াশক্তি ৰূপ উপাধির যে প্রকার জগৎ স্থলন করিবার সামর্থ্য আছে. সেই কুল তাঁহার মোহন শক্তিও আছে। সেই শক্তিৰারা র্জাব মুগ্ধ হয়, আর আয়তত্ত্ব বিবেক দারা মুক্ত হর। এই ঈশ্বর কর্তৃক স্থক্ত জীবেরা জ্ঞান দারা ও কর্ম দ্বারা জগৎঞ্জী নানা প্রকার করে। জগৎ-ভ্রম্টা ঈশ্বরকর্ত্তক যে সকল পদার্থ ও বস্তু স্থটি হই-বাছে। জীবেরা জ্ঞান ও কর্মাদারা ঐ সকল বস্তুকে স্বীয় ভোগের নিমিত্তে স্বীকার করিয়াছেন। এবং আমরা ঈশ্বর ও জীবের জগৎশ্রী স্বষ্টি বিষয়ের হেতু ক্ৰমশঃ নিৰূপণ করিতেছি। দেখ ঈশ্বর শক্তি মা-য়ার বুত্তিৰূপ জগৎ সৃষ্টি বিষয়ক ঈশ্বরের যে সং-ক'পে; তাহাই এ **স্থলে স্জন** বিষ**য়ের হেতু।** এবং মনোরুত্তি ৰূপ ভোগ বিষয়ক জীবের যে সংকণ্প তাহাই এ হুলে ভোগ বিষয়ের সাধন। যদিও ঈশ্বর কর্তৃক স্বাট্ট সমুদয় বস্তু স্বৰূপতঃ পুনর্ব্বার জীবকর্তৃক স্ফ হইতে পারে না, তথাপি ঈশ্বরের স্ফি বস্ত সকল চাকুষাদি প্রত্যক্ষ করিয়া ভোক্তা জীব সকল

খাপন আপন প্রিয়জন ও বৃদ্ধি অমুসারে নির্মাণ ক্রিয়া, ঈশ্বরের স্থি বস্তু ও স্থাস্ক্ত বস্তুসকল एकार्श करत्। किस्तु नाम वस्तु नाम बन्न 3 भीना दर्शानि এবং নামা জীবের নানা প্রকার বোধ প্রযুক্ত, নানা বস্তুর ভোগ ও নানা প্রকার হয় ৷ এবং এই আশ্চর্যা भरनाहत भरन रभाइन श्रष्ठे वाहा वस छूहे अकात হয়। বাহে: পঞ্ছতময়, এবং অন্তঃকরণে মনো-ময় , কিন্তু কেহ কেহ জাগ্রং অবস্থাতে বাহ্য বস্তুর মনে ময় 🖟 প্রাহা করেন না, কেবল ভান্তি, ও স্মৃতি, স্বপ্ন: মনোরাজ্যেতেই বাহ্য বস্তুর মনোময় স্বৰূপের न्द्रोकात करतन। किन्छ ध विषय विघात कतिया किन এই সিদ্ধান্ত করিয়াছেন, যে বাহে দৃশ্যমান বস্তুতে চক্ষুঃ প্রভৃতির সংযোগ দারা অন্তঃকরণ সংযুক্ত इहेटल मिट्टे वाद्यवस्तु या প্রকার দেখা যায়, অন্তঃ-করণেও তদ্ধেপ ভাব হয়, তাহাতে স্নতরাং জাগ্রৎ অবস্থাতে বাহ্য বস্তুর মনোময় হওয়া সম্ভব ইয়। हेशत जेनाहता এই यमन अधिमश्रयात हाता ज्वी-ভূত স্বর্ণাদি ধাতু ছাঁচের মধ্যে প্রদত্ত হইলে তদা-কার হয় ; তদ্রূপ চক্ষ্ণ প্রভৃতি ইন্দ্রিয় কর্মদারা বাহ্ বস্তুকে প্রাপ্ত হইয়া অন্তঃকরণও তত্তদাকারে পরি-

ণত হইয়া থাকে। বিশেষ দক্র মধ্য স্থলে মসী বিন্দুর ন্যায় এক অতি কৃদ্র বিন্দু আছে, ঐ বিন্দু क्लंश्व नहार श्रृष्ठ, यथन आभाष्मित हक्कृ (य नगरः কোন বস্তুকে অবলোকন করে, তথন কি ছোট আর কি বড় সকল বস্তুর প্রতিবিম্ব ঐ স্বচ্ছ বিন্দুতে পড়ে, সেই প্রতিবিশ্ব শিরা দ্বারা মস্তিক্ষে নীত হইলে অন্তংকরণও তন্তুদাকারে পরিণত হইয়া দর্শন জ্ঞান জ্ঞে। অথবা যেমন সাধারণ বস্তুর প্রকাশকারী মুর্য্যাদির আলোক যখন যে বস্তুকে প্রকাশ করে তখন দেই বস্তুর আকার বিশিষ্ট হয়, নতুবা বস্তুর স্বৰূপ প্ৰকাশ হয় না, ভদ্ৰূপ সৰ্ব্ব বস্তু প্ৰকাশক অন্তঃকরণ যখন যে বস্তুকে অধিকার করে, ত-খন তদাকারে পরিণত হয়, তদ্ভিন্ন তত্তদপ্তর জ্ঞান হয় না । এবং বাছ বস্তু সকল চকুঃ প্রভূ-তির নিকটস্থ হইলে বুদ্ধিস্থ প্রমাতৃ চৈতন্য হইতে অন্তঃকরণ রৃত্তি উৎপন্ন হইয়া সেই বস্তুকে অ-ধিকার করত তদাকারে পরিণত হয়। স্বর্তরাং যে বস্তু বাছে পাঞ্চভৌতিক সেই বস্তু তক্ৰপ অন্তঃকরণে মনোময়, ইহা স্বীকার করা যায়। এইক্ষণে বাহ্য বস্তুর মনোময়ত্ব স্বীকার করিলে

কি হাৰি আছে। যদিও মনোময় জগতই স্ক্ৰ-জীবের সংসার বক্ষের কারণ হউক, তথাচ বাহ্ জগতের সত্তা ব্যতীত অন্তঃকরণে বস্তার কারণ তত্ত্বস্তুর আকার প্রতিভা সম্ভাবিত হয় না। বিশেষ প্রমাণাধীন বস্তুর সত্তা সিদ্ধি হয় তাহা কোন প্রয়োজনকে অপেকা করে না, অতএব প্রত্যক্ষাদি প্রমাণ সিদ্ধ জগৎ কোন প্রকারে মিথা। নহে। তবে প্রত্যক্ষ সিদ্ধ স্থিত জগৎ বি-চার ছারা মিথ্যা বোধ হয়, ও কালেতে লক্ষণের ব্যত্যয় হয় ৷ যাহা হউক মনোভাব ও মনো-वृद्धि किक्षिष প্রসঙ্গাধীন এস্থলে লিখিত হইল. ব্ৰহ্ম প্ৰসাদাং কোন বিম্ন না হইলে শেষে দ্বি-তীয় ভাগে ব্রক্ষজান নামক গুন্থে অন্তঃকরণের ভাব ও মনোবৃত্তি ও বাছ বস্তুর সম্বন্ধের বিষয় এবং জগৎ, জীব ও ব্রহ্ম পদার্থের বিষয় লিখিব। এইফণে কেবল আমার জ্ঞানমত ও গুত্কর্তা-দের গ্রন্থ হইতে সংগ্রহ করিয়া বিশ্বজ্ঞান লিখি-তেই হইবেক ইচ্ছা আছে। কেহ কহেন ব্ৰহ্ম - আপনি কোন জগৎ ৰূপী নহেন, কি জীব আুর कि अड़ कमाशि डाँशांत मुर्छि वा अश्म नत्र,

এবং তং স্বৰূপও নহে। যেহেতু তিনি আপ-নি জড় ৰূপে পরিণত হইয়া আপনাকে ধংসও करतन ना। এবং জीব बर्ल्य विक्रुं इरेंग्रा শোক মোহ পাপ তাপে বন্ধও হয়েন না। নিতা স্ব স্ব ৰূপেতেই অবস্থিতি করিয়া এই অচিস্ক্য জগৎ স্থাটি করিয়াছেন। ইহা দৃষ্টি করিয়া ও প্রত্যক্ষ করিয়া বিশ্বজ্ঞান কর, অতএব এই প্রকার মত প্রভেদ ও স্মরণাতীত আশ্চর্য্য কথা স-कल विरमय कर्प विरवहन। कतिरा इहेरल कि প্রকারে বিশ্বাদ হাল পাইতে পারে, স্কুতরাং জগতের নিয়ম দর্শন করিয়া অভুত ব্যাপার বে৷খ হয়, তবে কি জান ঘাঁহাদের যে মতে বিশ্বাস আছে তাঁহারা সেই মতই মান্য করেন বা ক-রিতে পারেন, আর পৃথিবীর জন্ম দিনাবধি কালের পরিমাণ আমাদের শাস্ত্রে লেখেন, যে শ্বেড বরাহ কম্পাব্দাঃ, অথবা তৎকম্পে অতীতাব্দাঃ যাহা পঞ্জিকাতে লিখিত হইয়া ধাকে। এবং সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এইমত চারি যুগ ধরিয়া চারি मह्ख यूर्ण बन्नात अक पिरम इय़। क्ह करहर দৈব পরিমাণে দ্বিসহত্র যুগে ব্রহ্মার এক দিন হয়

मिवाভाগে অনাদি অবিদ্যা इইতে অনাদি ভুত সব প্রকৃতি হাটি হয়, আর রাত্রিকালে পুন-ব্বার লয় হইয়া থাকে, এই মত শত বৎসর পরমায়ু বৃন্ধার ভোগ হয়, তৎপরে মহাপ্রলয় হইয়া পুনর্বার পূর্ববং কল্পনা দারা স্থিট হয়, এই মত বারেমার হইয়া থাকে বর্ণন আছে। পরঙ্ ইউরোপীয় পণ্ডিত মহাশয়েরা পৃথিবীর জন্ম দিবসাব্ধি অদ্য পর্যান্ত ৫৮৬১ পাঁচ হাজার আটশত এক ষষ্ঠি বৎসর লিখিয়া তিন ভাগে বি-ভক্ত কবেন। প্রথম ভাগ স্টি অবধি জলপ্লাবন শ্যান্ত ১৬৫৬ যোল শত ছাপ্পান্ন বংসর, দ্বি-তীয় অংশ জলপ্লাবন অবধি খ্রীফৌর জন্ম পর্য্যন্ত ২৩৪৮ তেইশ শত আটচল্লিশ বৎসর, তৃতীয় ভাগ খ্রীষ্টের জন্মাবধি অদ্য পর্য্যস্ত ১৮৫৭ আঠার শত সা-ভান্ন বৎসর। এইমত কাল গণনা ও নির্দিষ্ট করণের উপকার এই যে পৃথিবীর স্থটি অবধি যে কর্ম হই-ब्राष्ट्र, त्र त्रकल किया नमबालूनातत निर्मिष्ठ रहेशा মনে থাকে। যাহা হউক ইহাতে কোন তুই দেশীয় লোকদের মতে পৃথিবীর পরমায়ু একৰূপ স্থির হয় না, বেহেতু এদেশীয় মহাশয়দের মতে এতা-

_ ७१]

শে দীর্ঘকাল, আর ইউরোপীয় মহাশয়দের মতে মতীব অপ্পকাল পরিমাণ গণনা করেন। ইহার কি দত্য বিবেচনা করিতে গেলে বিবেচনাতেই এক মহাগোলযোগ উপস্থিত হয়। যাহা হউক সূর্য্য চক্র ও গ্রহ নক্ষত্রাদির জন্ম আর এ পৃথিবীর জন্ম তিথি, কেন্মন সময় হইতে হইয়াছে, এ কাল প্রবাহ প্রণালী মনে করিতে হইলেও এক আশ্চর্য্য বোধ হইয়াতাহার স্থক্য সময় যে মনুষ্যের স্মরণাতীত হইয়াছে, তাহার স্থক্সই প্রমাণ হয়।

ওরে আমার প্রিয়পাত্র ছাত্র, কিছু কথা বলি
মনোযোগ কর। দেখ সকল শাস্ত্রের পরস্পার ঐক্য,
অনৈক্য, ভান্তি, ও অভ্রান্তি, অনুসন্ধান না করিয়া
এবং কর্মা, আর অকর্মের বিচার ও বিবেক অর্থাৎ
কোন্ কর্মো পরমেশ্বরের অভিপ্রায় আছে আর
কোন্ কর্মো ঈশ্বরের অভিপ্রায় নাই, ইহা অবশা
বিবেচ্য, বিবেচনা না করিয়া, এবং সংশায় ও কুতর্ক
না করিয়া কেবল পরমেশ্বরেতেই, প্রেম ও ভক্তি ও
কান অনুধাবন করিলে, কি হিন্দুদের বেদ, কি ইং
নাজদের বাইবেল, কি মুসলমানদের কোরান, কি
পদার্থ মীমাংসকদের মত, আর কি কুয় ও নিউ-

টন প্রভৃতি সাহেবদের মত, আর কি নবীন কি প্র-বীন গ্রন্থকর্ত্তাদের লিখিত বিষয়, অর্থাৎ যাঁহারা ব্রহ্ম অস্তি বিশ্বাস ওধর্মকে মান্য করেন, তাঁহাদের স-কল ধর্মা ও সকল মতেই উত্তম বোধ হয়। নতুবা তর্ক করিতে হইলে যত মত লিখিত হইল সকল মত পরস্পর অনৈক্য, স্কুতরাং কোন্ মত পরিশুদ্ধ প্রমাদ **খুন্য হইতে পারে, আর কোন্ মতের দ্বারাই ব**া স্টির প্রথম প্রকরণ সবিশেষ প্রমাণ হইতে পারে. ইহা স্থির করা স্থকঠিন, স্থতরাং তাহা মনুষ্যের অ-माधा ও মনে নাই। আর দকল মতের ঐক্য নাই, ও সকল শান্তে দোষ আছে বলিয়াই বা আপন আ-পন সমাজের মত ত্যাগ করা ও সকল শাস্ত্রে তর্কু দ্বারা দোষ বাহির করিয়া যে সকলেতেই অবিশ্বাস ও অগ্রাছ করা কর্ত্তব্য হইতে পারে না, এবিষয় মৃত্যুকালের জন্য সাবধান হওয়া অতি আবশ্যক। যদিও মৃত্যুর পরে নরক, ও স্বর্গ, শান্তি, ও যাত্না হউক না হউক, তথাচ শরীর মাত্রের উপর মৃত্যুর অধিকার আছে, দেখা যায়, মহাযত্নেও দেহ নাশ নিবারণ হয় না। অতএব ইহাতে অবশ্য বলিতে পারা বায়, বে জন্মাবধি মৃত্যুকাল পর্যান্ত আমাদের

ারীর কোন দোষে দোষী না হয়, যেহেতু দোষা-ছর হইলে অসীম গ্লানি বোধ সহ্ছ করিতে হয়। । ঘমন, জন্মের দোষে জীব জারজাত অর্থাৎ বিজ্ঞা, ীবিত ব্যক্তির স্থিতি কালের দোষে ছুরাত্মা, অধা-র্মক, প্রতারক, ও বিশ্বাসঘাতক, অসচ্চরিত্রের ম-যো চোর, ঢেমন, মিথ্যাবাদী ইত্যাদি। তে লেখায় এমত বোধ হইতে পারে, যে চির-দীবী হইলে কুকর্ম করা উচিত **ছিল, তাহা নহে,** হোর কারণ কিঞ্চিৎ পরে লিখিব। নানা মতের াধ্যে কোন্টা সত্য বা অসত্য বিবেচনা করিতে হ-লৈ, অগ্রে এই বিবেচনা করা উচিত, ভ্রাস্তি পদার্থ ণ্রীর মাত্রেই ও মন বুদ্ধি মাত্রেই প্রমাণ হইতে ারে। অতএব মৃত্যুর কিছুকাল পূর্বের এমত চিন্তা ঠাকে বা প্রলাপ দেখাকে সাধু বিবেচনায়, ঘৃণা বাধ হয়। বে হায়! আমি পাছে কোন ধর্ম্মের কিয়া াসিদ্ধ মতের অপমান করিয়াছি, বা হায়! আমি মস্ত জীবন কাল মিছাকর্ম ভোগ করিয়াছি, ওরে ত্যু এমত ঘোর বিপদ্ছিল, ইহাত জানি না, এ যে গতের সকল স্থুখ হইতে বঞ্চিত, ও বিনাশ করে হা আমি সর্বদা দৃষ্ট করিয়াও আপনার মৃত্যুকে আমি বিলয় ও স্থলভ বোধ করিতাম। আর দেখ নান্তিক মতাবলমী হইলে যেমত অকাট্য পাকা-পাকা কথা কতক গুলি জানা যায়, তেমত আন্তিক মতে থাকিলেও অন্তঃকরণের বিবেক ও ভক্তিতে বড় সুখ দেয়, নতুবা ব্ৰহ্ম ও ধর্ম ও প্রারক্ত পর-কাল পাপ ও পুণা ও নরক ও স্বর্গ বন্ধ ও মুক্তি এ সকল পদার্থ মানিলেও হয়। আর না মানিলেও হয়। যেহেতু ঐ সকল পদার্থের বিষয় বিশেষ সূক্ষ অনুসন্ধান এবং অনুভব ও বিবেচনা করিতে গেলে বিশ্বাস ভিন্ন ঐ সকলের ভাল প্রমাণ পাওয়াযায় না যাহা হউক এ স্থানে বিশ্বাসের বিষয় লেখা উচিত হইতে পারে। কেননা বিশ্বাস আমাদের কি না করিতে পারে। দেখ যাহার স্থানে আমরা উপ-দেশ গুহণ করিয়া চরিতার্থ বোধ করি, অর্থাৎ বিনি যুক্তি দারা আমাদের মনের সন্দেহ জন্য বিচারকে ছুর্বল করিয়া শিক্ষা দিতে পারেন, তাঁহার যেমত, বা ধর্ম তাহাই আমরা বিশ্বাস বা গ্রহণ করিয়া থাকি। আর যে সকল গুন্থের তাৎপর্যা বিচার সিদ্ধ বোষ হয়. তাহাকেও বিশ্বাস ক্ষেত্রে স্থান প্রদান করি। কিন্তু অজ্ঞ লোকেরা মাদৃশ নহে, তাঁহারা মান্যপদ

চিক্তিদের বাক্যই প্রমাণ বোধ করিয়া গুহণ করিয়া াকেন। যাহা হউক ধর্মও ব্রন্মের বিষয় আমাদের অধিক কাল বিবেচন কর। কর্ত্তব্য হইতে পারে। কননা যে কেনে এক ধর্মাবলয়ী লোকদিগের কি মত ভাহা ভাল ৰূপ বিবেচনা না করিয়াও সেই ম-তের শাস্ত্র সকল পাঠ না করিয়া অকন্মাৎ ত্যাগ করা কত্রব্য নহে, ও বিচার **সঙ্গত হইতে পা**রে ন।। ইহার এই এক দৃষ্টান্ত দেখ, যে শিশুকালাবধি যে কাল গ্ৰান্থ যে প্ৰকারে যে ধারাতে বা যে রীতিতে হিন্দু বালক্দিগকে পাদরি সাহেবেরা উপদেশের দার। প্রীষ্ঠীয় ধর্ম অবলম্বন করান। সেই শিশুকাল হুইতে দেই কাল প্ৰান্ত সেই প্ৰকারে সেই রীতিতে উপদেশ দিতে পাইলে আমরাও অবশা পাদরি সা-श्व महाभग्रतमत मन्त्रानिमातक विकृश्वा ७ निव পূজা করাইতে পারি, ইহার প্রধান তাৎপর্য্য কেবল আপন মতে রীতিমতে উপদেশ দেওয়া আর ছাত্র-म्ति अ के अंतिक का अक्षायुक रहेगा शुरुष कता। यनि ইহা প্রমাণ হইল, তবে আমাদের আরো এক ম-নের গতি বিবেচনা করা কর্ত্তব্য হইতে পারে, আমরা য়ে ৰূপ বোধে প্রমেশ্বর আছেন বলি। সেই ৰূপ

বোধেই মন সংশয় ভাবাপন হইয়া অন্তিত্বের বি-ষয় বিচার স্থলে আনয়ন করে। আবার কিছুকাল ভাল ৰূপে তক্ক বিতক্ক করিতে হইলেই ঈশ্বর যেন. नाई ताथ इहेश পড়ে। আমরা यथन ঘোর বিপদে পড়িয়া প্রমেশ্বরের উপর সকল বিষয়েরই ভার দিই, তথন যদি আমরা বিপদ হইতে রক্ষা বা পরি-ত্রাণ না পাই. তাহা হইলেও ব্রহ্ম ও ধর্ম নাই বোধ হইয়া উঠে। কিন্তু এৰপ বোধ হয় না, আমরা যে ৰূপ কর্ম করিয়াছিলাম, তাহারই ফল ভোগ করি-লাম! হায়, কি আক্ষেপের বিষয়! ওরে মনের ভাব তোমাকে কত ভাবই বা আমে, বলিতে পা-রিনা। যাহা হউক এমত অনিধার্য্য অতি সৃক্ষামু-দূক্ষ আকার খুন্য পদার্থ, যে নিশ্চয়ই নির্ধার্য্য আ-ছেন বোধ করা, কেবল এক দৃঢ় বিশ্বাসের কর্ম। অতএব যত প্রকার মনের ভাব বা রুন্তি আছে, তাহাদের মধ্যে বিশ্বাসকেই প্রধান ৰূপে গণনীয় করিতে পারা যায়। কারণ যে ৰূপ মহা বিশ্বাদের দারা পরমেশ্বরের অন্তিত্ব বোধ করিতে হয়, এবং তদনুৰূপ বিশ্বাদের উপর নির্ভর করিয়াই তাঁহার নান্তিত্ব বোধ হইরা থাকে। তবে হির চিত্তে ভা-

ারা দেখিলে আছেন, আর নাই এই মাত্র ভেদ ্রাধ হইকে সন্দেহ্ নাই! অস্তি, নান্তি, মতছায়ের বেং অভ্যাস বশতং পুনঃপুনং অংলোচনা করিয়া কহবা অন্তি ৰূপ বিশ্বাস করেন, কেহবা ঐ বিশ্বা-াকে ৰূপ। হুর করিয়া লইয়া নান্তি ৰূপ বিশ্বাসকেই দ প্রতায় করেন। এতাবতা স্পষ্ট প্রতীয়মান হই-टरफ, य विनि य मचरक मृष्ट करतन जाशहे इस । शास्त्रिकनः वालन उक्त वस्तु, शूर्व कात्र भूना श-লর্থ, অথচ জগতের জন্মাদির কারণ, ইহাকে যদি ন মানা যায়, তবে দেখ জগতের অনেক বিষয়ে অ-্রিধা ঘটে। রাজারা যৎকালে বিচার করিতে প্রবৃত্ত হন, তংকালে ঈশ্বর মাত্র প্রমাণ জ্ঞান করা-ইয়া, দাক্ষীর বাক্যকে বিশ্বাস ক্ষেত্রে রোপণ পূর্ব্বক मध्य त्राक्षकार्या निर्वाह करतन। किस्नु नास्टिकत কথায় কে বিশ্বাস করে? বিশেষতঃ জগৎ নিয়মের প্রবাহ তরঙ্গ দর্শন করিয়া মনে করিতে হইলে, এ প্রবাহ তরঙ্গ, কাছা হইতে লইল, এবং কোথা হই-उहे वा इहेल, हेहात शृद्धकात् १ है वा कि, धवः ध কোথা গিয়াই বা নিবৃত্তি পাইবে, ইহা আমুপূর্বক চিন্তা করিয়া বিচার করিতে হইলে, ইহার সাক্ষাও

নামাংসা পাওয়া যায় না। যদি এ প্রস্তাব এস্থলে আবশ্যক মতে লেখাই হইল, তবে বক্তব্য বিষয়েরও কিছু বক্তা করা কর্ত্তব্য হইতে পারে। অত-এব দীহারা আছেন বিশ্বাস করেন, তাঁহারা এক হইতে নানা প্রকার বিশ্বাস করেন। আর ঘাঁহার। নাই বিশ্বাস করেন তাঁহারা কেবল এক নান্তিই বি শ্বাস করেন : এখানে প্রভেদ এই যে, যাঁহারা এক ব্রন্ম নাই বলেন, তাঁহারা স্বভাব বলিয়া সকল ভার, অর্থাৎ বিপদ সম্পদের কারণ ও ঘটনার বিষয় সমুদয় ঝঞ্চ ও ঝোঁক আপনার উপর রাখেন, আর যাঁহারা আছেন বলেন, তাঁহারা অতি ঘোর বিপদ্ কালেও সকল ভার ঈশ্বরে সমর্পণ করিয়া, প্রমেশ্বরের স্বেচ্ছা বা ব্রহ্ম আছেন বলিয়ানিশিস্ত্য হযেন। আর যে কিছু আশা ভরসা এবং সকল বি-বাদের নিষ্পত্তিকারক ভয়ানক মৃত্যু যথন নাশ করিবেন, তথন যদি ব্রহ্ম থাকা সত্য হয়, হায় তবে নান্তিকদের ঘোর প্রমাদ হইবার সম্ভাবনা। কেননা তাহাদের জীবিত কালে অধর্ম করা কন্ত ব্য ছিল, সুতরাং তাহা করিয়াছেন, ও ব্রহ্ম অবিশ্বাস করিয়া-हिन, यनि अ नाखिरकता कार्य के त्रकार्य अनका-

ধান কতকগুলি সংক্ষা প্রতিপালন করিয়া থা-কেন, তাহা বলিয়া তাঁহারা বিপদ কালে পার পা ইতে পারিবেন না যে আমরা আস্তিকদির্গের রশ্ম রক্ষা করিয়াছি, যেছেতু সকলের মূলীভূত পরমেশ্ব-রই তাহার বিচাব করিবেন! কিন্তু যথার্গ অস্তি বিশাসীদের মৃত্যকালে কোন প্রমাদ্বা ভয় হইবার সম্ভাবনা নাই। আরু যদি নাস্তিক মত সত্য কয়, তবে তমতে অভিকদের কিছু বেকুবী ও বেকোমী প্রকাশ মাত্র। অতএব, হিন্দু, মুশলমান, ইংরজে প্রভৃতি সর্বসাধারণ জাতীয় জনগণের ইহাই অ-বশ্য কর্ত্তরা হইতে পারে, যে আপন আপন মান্য শাস্ত্রান্ত্রায়ী মতাবলগী হইয়া নির্বিবাদে কাল যা-পন করেন, স্কুতরাং বিশ্বাস আস্থ্রিকদের বেমত मन्त्र, नास्त्रिकतन्त्र टिमनि निर्नेष्ठ श्रमां १ इट्रेट्ट । কিন্তুকেহ কেহ ইহাও বলিতে পারেন, প্রভ্যক প্রমাণ সিদ্ধ যে কিছু পদার্থ আছে তাহাই সত্য, প্র-ত্যক প্রমাণ খূন্য হইলে তাহা সকলে মিগা বেধ করেন, কিন্তু এই প্রত্যক্ষ প্রমাণ সিদ্ধ যে কি, তাহ। বিবেচনা করিতে গেলে, অগ্রে প্রমাণের অবধারণ করা উচিত। তদমুসারে আমাদের এই জান।

আছে, যে ইন্দ্রিয় গোচর ও জ্ঞান গোচর পদার্থ দ-কল নিশ্চয়ের কারণ দৃষ্টান্তই প্রত্যক্ষ প্রমাণ, ত-দ্বার: যাহা সিদ্ধ করা যায় তাহাই প্রতাক্ষ প্রমাণ সিদ্ধা কিন্তু এই পৃথিবীমণ্ডলে প্রায় সাধারণ লো-কের এমত এক দৃঢ় আকর্য্য সংস্কার আছে যে তা-হার বশবতী হইয়া তাহারা কি না করে? তা-হারা যে যে শাস্ত্রের মতাবলগী, ঐ সকল শাস্ত্রের মতানুষায়ী যে কোন একটা বাক্যকে প্রত্যক্ষ অ-পেকাও প্রমাণ বোধ করে! যেমন এদেশে সং-ऋ्ट त्रुम छूट्टी शुनित्वर दिनदाका वा भूनिदाका অনা কোন ৰূপে প্ৰমাণ বলে। এইৰূপ ইংরাজ প্ভৃতি সকল জাতিরাই বলেন। সে যাহা হউক য-দিও প্রাচীন গ্রন্থকর্তারা অনন্তকোটি ব্রন্ধাণ্ড বর্ণন করেন, এই ৰূপ নবীন গ্রন্থকারকেরাও তারা-গণকে এক এক জগৎ বলিয়া অনুমান করেন: কিন্তু আমিও একথা বলিতে সাহস করিতে পারি। আ-মাদের এই নিবাস ভূমি জগতের ন্যায় আর একটি জগৎ দেখাইয়া কেহই এ জগতের প্রমাণ দিতে পারিবেন না। স্কুতরাং এই জগতের সমুদয় পদার্থ ও বস্তু সকল এবং এই জগতের কার্য্য সক-লই এই জগতের প্রমাণ ও প্রতাক হয়।

ঘতএন, এই জগতের পদার্থ দক্ষের ৰূপ প্রণাদি ও জণংকা্যা সকল বিশেষ প্রকারে জাতে ছইর যে মহাজনগণ লিগিবদ্ধ করিয়াছেন বা করিবেন, তাহাই শাল নামে খ্যাত হইতে পারে। স্তরাং জামি এস্থানে ইছা প্রমাণ করিতে পারি যে এ বিশ্বেব সমূদায় পদার্থের মুলীভূত এক এক স্বভাব সিদ্ধ প্রণ আছে। তাহাই অনুভৱ করা উচিত। এবং অগ্নিস অগ্নিস্ক, জলের জলস্ক, বায়ুর বায়ুত্ব, এবং সভাসত্ত ইতাদি যে বিচারে প্রমাণ প্রতাক হট্য়াছে, সেই জানের দ্বারা এই বিশের পদার্থ সকলকে রীতি মত বা ধার৷ মত জানার নাম বিশ্বজান, আর ঐ পনার্থ সকলকে বুদ্ধি ছারা প্রকারন্তের যোগ করিয়া অসাধারণ ক্ষমতা প্রকাশ करात नाम. जर्थाः निल्लिविहास नाम विकान। যেমন অগ্নি জল যোগের ছারা উপিন্যে বাস্প ভাহাতে অভি ক্রতগানী বাস্পীয় বর্থ, বাস্পীয় পোত, টাকশালার যন্ত্র প্রভৃতি নানাবিধ যন্ত্র **ठलान, ओ दिख्डान दाता इंडेग्रा धारक। यमि विश्व** প্দার্থ সকল বিশ্বকার্য্য সকল এই বিশেরই প্রমাণ हहेल, তাবে बुक्त श्रमार्थित अवः मत्रापत शतकारणत

প্রাক্ষ প্রমাণ কোথায় পাওয় হাইবে। ভারাতে व्यापि निध्मतकरह अने क्षेत्राः मिर्ड शाहि, त খামা দর নিজল দৃত বিশ্বাস আমাদের অতি প্রব এমাণ হয়, আদি এই সভাকাম, সভাসংকাপ অণি, ন'ন্তি, এই ছুইয়ের মধ্যবজ়ী ত্রন্ধ রূপ গু अर अनुष् विश्वाम भ्रष्टाभग्नतक, यिनि (र श्रकार्ट कि अ का 😘 जर्यन (२ जाहोद वा त्युष्ट्राहोद्द 🔫 মতের কউক বিশ্বাস করেন তাহার সেই . ম • লব্দি এবং ভদনুক্তা ফল প্রাপ্তি হয়ু, কদ। চ ইনার অনাথ। ইয় দ। আত্তার, খে জ্ঞান দ্বারা আ হর । এই সকল ভর্ক বিভার্কের নিষ্ঠ বিজ্ঞেন। করি। अनल्ड मानादृष्टि निःमान्ह ७ निर्मल कारल्ड দেই জ্ঞানের দার অনুভব করি, যে গর্মেশ্বর चार्ष्ट्रभ ए। डाहात जात मरनम्ह कि, এवः बे ব্ৰেকের যে ৰূপ ভাব ও গুণ ও শক্তি ও ক্ষমতা ভাহ: বিবেচন, করিলে, অনুমান করি যে তাঁহার অচিন্তা শক্তি, অন্য কোন পদার্থের সাহায়্য ভিন্ন **७**दः जना (कान कात्र व चित्रक के ममुन्। क्रांश कार्य, गिर्द्धाक करत्रम । यमिछ काम कात्री मा ह-ই ল কার্যোর উৎপত্তি হয় না, তথাপি বেখ হয়

কেবল তিনি নিমিত্ত কারণ ৰূপেই প্যাবসিত আছেন: এবং ইহাতেও বোধ হয় স্বীয় শক্তি হার: পঞ্চ ভূড়াদি সমুদায় জগৎ সৃষ্টি করিয়াছেন যাহা হউক জগৎ কেবল স্বভাবতঃ উৎপত্ন হই-য়াছে ব্ৰহ্ম নাই যে কএক জন লোক বলে, তাহা-াদব যে অশুদ্ধান্তঃকরণ, অত্যন্ত অশুচি মন, তা इन्द्र मरम्ह नाहे! कात्र नानाविध উखरमाखम মনোরুত্তি থাকিতে, তাহাদের এৰূপ ঘূণিত ভাব মনে কেন প্রকাশ হয় ৷ যেহেতু পরমেশ্বরে ও প্র-কালে অবিশ্বাস, মনে অনিষ্ট চিন্তন, পর দ্রুরো লোভ আলোচনা ক্রা, যে মানসিক কুকর্ম, তা-হারা তাহা কখনই বিচার পথারত করে না। পরস্ক প্রায় সকল মহাদীপবাসী যশোরাশি মহানুভব গ্ৰন্তৰ্তাৱা আপন আপন গ্ৰন্থে এৰপ সাক্ষ্য দিয়াছেন, যে প্রমেশ্বর জগৎ স্থটির কেবল নিমিত্ত কারণ হয়েন। এবং সকল জগৎ সৃষ্টি করিয়া জগ-দাত্মা ৰূপে অন্তব্ৰে ও বাছে সকল জগতে পরিণতও আছেন, এবং জগৎ হইতে অনেক অন্তরে স্বত-শুরও আছেন। যিনি এই বিপরীত কথার ভাব কিছু বঝিতে পারিবেন, তিনিই পরমেশ্বরের এবং জগতের বিধয় কিছু কিছু বুঝিতে পারিবেন। এই ঐশ্বরী রচনার মধ্যে, তাঁহার মহিমাই যে প্রতি ক্ষণে সাক্ষা প্রদান করিতেছে। ইহা কি, অশুদ্ধান্তঃ कत्रश्माको व्यक्तिता मृष्टि कतिरवन ना ? এ विषर আমিও সাক্ষ্য আছি, সাক্ষ্য দিয়াছি দিতেছি, ই व्यवना প्रमात्रा वार्ट्डन, इंश्ट मत्नक नाइ জগং কাষা সমুদায় দৃষ্টি করিয়া ইহার কর্ত্তা এক পদাথ আছেন, ইংা দকলেই অনুমান করেন তামিও তাহাই প্রমাণ দিই। দেখ প্রমান্নার रुके मभून क बरुटच्हे ठाँहात महिमात ও नम्नात এक এক চিহ্ন আছে। আর কেমন বিবিধ আশ্চর্যা ও সৌনদর্যা দর্শন, মনুষ্যের স্থার্থাৎপত্তির কারণ ও ইন্দ্রিয়ের স্থুখ ও বৃদ্ধির বৃদ্ধি ও কণ্পনার বৃদ্ধি এবং অন্তঃকরণের আনন্দ ও উল্লাসের কারণ অগণন বস্তু সকল স্ফ হইয়াছে 🗪ইহাতে অবশ্য বিশ্ব-অষ্ট। পরমেশ্বরের, এক অসীম দয়ার চিরস্থায়ী প্রমাণ হয়, এই জগৎ, তিনি নিজ স্থথের নিমিত্তে বা মান্য হইবার জন্য এই সকল জগৎ স্থটি করেন নাই। এই আশ্চর্যা অদ্ভুত স্থটি দারা ভাঁহার স্থ-থের বা তেজের বা গৌরবের বা শ্লাঘা অহঙ্কারের

কিছু মাত্র বৃদ্ধি হয় নাই। তিনি কেবল দয়; ও অনুগ্রহ প্রকাশ করিয়া সমূহ লোকদিগকে আনন্দ প্রদানার্থেই এতাদৃশী ইচ্ছা করিয়াছিলেন। অত-এব যিনি আদিতে, আকাশ এবং সভাবতঃ আর মনুষা কত বিদ্যা ও বিন্তুরেখা নিরূপণ, ও বিজ্ঞান বিদ্যা ও কিছু বিদ্যা যাহা এ দাসদের দ্বারা প্রকাশ করিয়াছেন। তাহাও কিঞ্ছিৎ কিঞ্চিৎ প্রকাশ করা কর্ত্তরা।

পঞ্চন অধ্যায়।

প্রশাহ ছাত্র কহিতেছেন, ছে আমার শিক্ষা গুরো আপনি কি চমৎকার অন্তুত ব্যাপার স্থাটি প্রকরণ আজ্ঞা করিলেন, আমি প্রবণ করিয়া বিন্ময়াপন্ন ইইয়াছি! এবং এই স্থিতি বিবরণ প্রত্যক্ষ পদা-র্থের বিষয় বিশেষ বিস্তার কপে শুনিতে বাঞ্ছা করি. উপদেশ করিতে আজ্ঞা হউক।

উদ্ভর। শুরু কহিতেছেন, ওরে আমার স্নেহ পাত্র, এই মনোহর স্থিতি বিষয়ের মনোমোহন প্রত্যুষ অবহা এক প্রকার প্রকাশ করিতেছি, শ্রবণ দন্ত । ও স্থিতি নিয়ন্মত্ন বিশয় এবং বিশ্বজ্ঞান প্রপণ বিদ্যাদি বিবেচনা করিতে হাইলো, বিবেচনা হৈ কি । দাপ, তাহা বিবেচনা করিতে পারা যায় এবং পরমেশরের মহিমা ও ধন্মের গুণ জানিতে গারা যায় এবং পরমেশরের মহিমা ও অতুলা অব্যক্ত আনন্দ বসাভিষ্যিক ইইলা মানব যন্তের সাফলা হয়। আত্তর্গতি বিদ্যানা লিখিলে, গ্রেণাল বিদ্যা ও ভূগোল বিদ্যা ভাল বুঝা যায় নাত্রিভারাং কিঞ্ছিৎ কহি প্রবাণ করে।

मश्चे अशाग्र।

३। याङ्ग मर्गन इस किख विख्ल इस नः, डाहारक विन्छु कहि २। याङ्ग मीर्घ अथे विखात तहि । डाहारक द्रिश्वा कहि। ७। य छूटे द्रिश्वा शतम्भन डाहामित्रात कान छूटे अ्रात्म मिलाहेर उठको क तिल ना मिलिया नकल अ्राम अकब मिला जोहान मिश्रक मत्रला द्रिश्वा कहि। ४। याहा मीर्घ अवर अञ्च डाहारक ध्रताडल कहि। ४। ध्रताडल छूटे विन्छु लिथिया उत्था स्टूब शांड क्रिटल युन नर्सव ভুত্র লগ্ন হয় তবে তাহাকে সমধরাত**ল কহি** । ৬ : যে তুই সরলা রেখা সম ধরাতলে থাকে, এবং ভাষাদিগাকে বাদাইলে কখন প্রস্পর মিলন হর ন, সেই ছুই সরলা রেখাকে সমাল্রা রেখা কহা য'য় যেমন ১ পড়ে ১ চিত্রে ক এবং থ সমান্তর্গ ्तर्थ । स्ताउटल क्रुष्टे मत्रल (तथात (यार्ग যে ছিদ্ৰ হয়, তাহাকে কোণ কহি, যেমন ১ পতে े हित्त क राश कार्य। भारति कान मत्ना রেখা অনা সরলা রেখার উর্কে লিখিলে ছই কোণ সমান হয়, তবে তাহাদিগের প্রত্যেক কোণকে সম-কেণ কহি, এবং সেই উর্জ রেখাকে লম্ব রেখা কহি। যেমন ১ পত্রে ৩ চিত্রে ত প চ এবং ট প চ ছুই সমকোণ এবং ত প ঊর্ধ রেখা। ৯। সম-কোণ অপেক্ষা নূনে কোণকৈ অস্প কোণ কহি! যেনন ১ পত্রে ৪ চিত্রে ত থ দ অস্প কোণ ৷ ১০ : সমকোণ অপেক্ষা অধিক কোণকে অধিক কোণ কহি, যেমন ১ পত্রে ৫ চিত্রে প ফ ব অধিক কোণ প্রত্যেক কোণ প্রায় তিন অক্ষরে নিদিউ হয়, কিন্তু द्यान विस्मारम अक अकरत निर्माभ कतिरमा एका হয় না, যেমন ১ পতে ২ চিতে ক খগ কোণকে

কেবল খ কোৰ কহিলে দোষ হয় না, যেছেতু -স্থলে এক কোণের অধিক কোণ নাই, কিন্তু 🤇 স্থলে এক কোণের অধিক কোণ সমধরতি थारक, भ उरम शक अकरत किहास शासरा হয়, এ নিমিত্তে ভাহাকে তিন জক্তরে কহিতে হ ইবেক, মেমন ১ পত্রে ৩ চিত্রে ত প ঢ কোণ কে বল প কোণ কহিলে দে৷ ষ হয়, এ স্থলে ত প कान कहिएउई इट्टेंदक। ১১। य छ्टे मत्र রেখাকে বাড়াইলে পরস্পরের মিলন হয়, তাহ দিগকে অসম সরলা রেখা কহি, যেমন ১ পত্তে ১ চিত্রে তথ এবং থ দ রেখা। ১২ ৷ যাহা এক রে-খার ছারা বেষ্টিত এবং যাহার মধ্য এক স্থান হইতে সরলা রেখা সকল সেই বেষ্টিত রেখালে টানিলে সমান হয় তাহাকে মণ্ডল কহা যায়, যেম-১ পত্রে ৭ চিত্রে যর ল স মণ্ডল। ১৩। যে রেখ মণ্ডলের দীমা তাছাকে পরিধি কহি, যেমন: পতে १ हिटा युवाम श्रीविधि। ১৪। মগুলে। যে স্থান হইতে সরলা রেখা সকল টানিলে তাহার পরস্পর সমান হয়, তাহাকে মধ্য বিন্তু কহি, (यमन > পতে १ हिटा व मश विन्छू। \$e । व রেলা রেখা মঞ্জের মধা বিন্তু দিয়া পরিধির তুই দলে শেষ হয় ভাছাকে ৰাখ কহি, যেসন এক (उ.व. १ कि.ज. य व न नाम । >७। वाम होता ছন্ম ওলাকে অর্থ মণ্ডল কহি, সেম্ন ১ পাতি ৮ ১(র হর্ষ আলু মণ্ডলঃ ১৭। চারি সমান শ্-ফে: রেখার যোগে উৎপন্ন সম কোণ চতু**ন্টয়কে** एक्ट्रफान वर्रह, स्वयन अवस्त के किर्का छ या न ध লেকে। ১৮। মহোর বিপরীত পাশ্ব সকল প-·স্পান সমান্ত্র, এবং বাহার উৎপাদক সরলা রেখা ধ্বন অসমান এবং কোণ চত্তীয় অসমান, তা-৪.০০ অসম চতুরতা ক**চি, এবং যে সরলা** রেখা গজার বিপরীত কোণস্বয়ের সহিত্যুক্ত হয়, তা-াকে ভাহার বাসে কহি, যেমন ১ পত্তে ২০ চিত্তে ক থ ঘ গ অসম চতুর**ত্র** এবং ক ঘ তাহার বাসি। कि। योदात छेश्लानक मत्रना तिथा मकन अममान, কিন্তু কোণ চতুষ্টয় সম কোণ তাহ'কে অসম চতু-ক্ষেণ্ড কৃষ্টি, বেমন ১ পতে ১১ চিতে কে খগাঘ সভুক্ষোণ। ২০। যে তুই রেখার যোগে কোণ উৎ-পত্তি হয়, তাহাদিগকে ভুজ কহি, যেমন ১ পত্তে २ कि.ज कथ अवश्थेश जुक्क छत्। बृह्६ अथर। ক্ষুদ্র সকল প্রকার মণ্ডলকে পণ্ডিতের। ৩৬০ তিন-শত বাটি অংশে বিভক্ত করিয়াছেন। এক মণ্ডলের মধ্যে চারি সমকোণ হয়, স্থতরাং এক এক সম-কোণ সংলক্ষিত অংশে বিভক্ত।

এক মণ্ডলের মধ্যে ছুই অধিক কোণ হইতে
পারে এবং তাহারা যত রহুৎ হয় তত অধিক
আংশে তাহাদিগের বিভক্ত করা যায় ৷ কিন্তু ১৮:
আংশের ন্যুন সংখ্যা পর্যান্ত অধিক কোণের সীমা ৷
যেহেতু ১৮: অংশ মণ্ডলের অন্ধ্র ভাগ ৷ অতএব
এ পর্যান্ত বিভাগ করিলে কোন কোণের উৎপত্তি ন
হইয়া অন্ধ্র মণ্ডলের সীমা ব্যাস মাত হইয়া পড়ে ৷

৯০। অংশের ন্যুন অংশে অপ্প কোণ হয়। এক মণ্ডলে অসংখ্য অপ্প কোণ হইতে পারে।

প্রশা ছাত্র কহিতেছেন, হে আমার প্রিয় গুরু মহাশয়, আমি বিন্তু ও রেথা নিরপণ উত্তম আবণ করিলাম, এক্ষণে আকাশ অর্থাৎ খগোল জ্যোতিষ বিদ্যা কহিতে আজ্ঞা হউক।

উত্তর। গুরু কহিলেন। এই গ্রন্থের দিতীয় ভাগে কহিতেছি শ্রবণ ও দৃষ্টি কর।

বিশ্বক্তান ও বুকাজান।

দ্বিতীয় ভাগ।

